দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
....
হে আহলে-কিতাবগণ, কেন তোমরা আল্লাহর কালামকে অস্বীকার কর, অথচ তোমরাই তাঁর প্রবক্তা?
সূরা আল ইমরান ৬৯

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০১ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৮ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ১৮ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৮৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



প্রধানমন্ত্রীর নিউইয়র্ক সফর সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে: রিজভী

কীর্তনখোলা ডেস্ক
জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশনে যোগ দিতে আগামী ২১ সেপ্টেম্বর নিউইয়র্কে পৌঁছানোর কথা রয়েছে ২ এর পাতায় দেখুন

কষ্ট না দিয়ে হাসি দিলেন স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন ইস্যুতে বিরোধী রাজনৈতিক দলগুলোর প্রতি কড়া বার্তা দিলেও শেষ পর্যন্ত হাসি দিয়েই সংসদ ২ এর পাতায় দেখুন

গুম প্রতিরোধের বাতিল করা অধ্যাদেশ বহাল রাখতে হবে: পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক
গুম প্রতিরোধের বাতিল করা অধ্যাদেশটি বহাল রাখার দাবি জানিয়েছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ২ এর পাতায় দেখুন

মালয়েশিয়ায় যেতে ৮ লাখ টাকা খরচ কোনোভাবেই ন্যায্য নয়

কীর্তনখোলা ডেস্ক
পবিত্র ওমরাহ পালন শেষে দেশে ফিরে আন্তর্জাতিক সম্পর্ক, শ্রমবাজারের সিন্ডিকেট এবং দেশের জ্বালানি সংকট নিয়ে ২ এর পাতায় দেখুন

অবশেষে পে-স্কেল অনুমোদন
সর্বনিম্ন মূল বেতন ২০ হাজার সর্বোচ্চ ১ লাখ ৫৬ হাজার

কীর্তনখোলা ডেস্ক
সরকারি কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা পুনর্নির্ধারণ করে জাতীয় বেতন স্কেল (পে-স্কেল)-২০২৬ অনুমোদন করেছে সরকার। সোমবার (৩১ আগস্ট) মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে এ তথ্য জানা গেছে। বিদ্যমান ২০টি গ্রেড বহাল রেখে নতুন বেতন স্কেলে সর্বনিম্ন ২০তম গ্রেডের প্রারম্ভিক মূল বেতন ২০ হাজার টাকা এবং সর্বোচ্চ প্রথম গ্রেডের নির্ধারিত বেতন ১ লাখ ৫৬ হাজার টাকা করা হয়েছে। নতুন বেতন স্কেল চলতি বছরের ১ জুলাই থেকে কার্যকর ধরা হবে। মন্ত্রিসভায় একই সঙ্গে নতুন বেতন স্কেলের সঙ্গে সামঞ্জস্য রেখে সশস্ত্র বাহিনীর জন্য যৌথবাহিনী নির্দেশাবলী-২০২৬ অনুমোদন করা হয়েছে। সরকারি কর্মচারীদের বেতন কাঠামো যুগোপযোগী করতে জাতীয় বেতন কমিশন-২০২৫ ও সশস্ত্রবাহিনী বেতন কমিটি-২০২৫-এর প্রতিবেদন পাওয়ার পর সুপারিশ প্রণয়নের জন্য সচিব কমিটি গঠন করা হয়। ওই কমিটির প্রতিবেদনের ভিত্তিতেই নতুন বেতন স্কেল অনুমোদন করা হয়েছে। বৈঠকে উপস্থিত একজন সচিব বলেন, মন্ত্রিসভার বৈঠকে নতুন পে স্কেল অনুমোদন দেওয়া হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের বিস্তারিত জানাবেন। জানা গেছে, নতুন বেতন কাঠামো নির্ধারণের ক্ষেত্রে সরকারের আর্থিক সক্ষমতা, দেশের সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি, মূল্যস্ফীতি, জীবনযাত্রার ব্যয়, সরকারি কর্মচারীদের জীবনমান এবং ভারসাম্যপূর্ণ ও যৌক্তিক বেতন কাঠামোর প্রয়োজনীয়তা বিবেচনায় নেওয়া হয়েছে। জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী, ২০তম গ্রেডের প্রারম্ভিক মূল বেতন নির্ধারণ করা হয়েছে ২০ হাজার টাকা। আর প্রথম গ্রেডের নির্ধারিত সর্বোচ্চ বেতন ১ লাখ ৫৬ হাজার টাকা। ন্যায্যতা নিশ্চিত করতে সর্বনিম্ন ও সর্বোচ্চ গ্রেডের বেতনের অনুপাতও কমানো হয়েছে। বিদ্যমান ১:১.৯৪৫ অনুপাত কমিয়ে ১:১.৭৮ ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে এ বছর মৃত্যু ১০০ ছুঁই ছুঁই আগস্টেই ৪৩

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও চারজনের মৃত্যু হয়েছে। একই সময়ে এডিস মশাবাহিত এই রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে আরও ১ হাজার ১৬৩ জন। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার তথ্য তুলে ধরা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, চলতি বছরে ডেঙ্গুতে এখন পর্যন্ত ৯৭ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে শুধু চলতি আগস্ট মাসেই মারা গেছে ৪৩ জন। চলতি বছরে ডেঙ্গুতে মৃত্যুর মধ্যে জানুয়ারিতে দুই, ফেব্রুয়ারিতে দুই, মে মাসে এক, জুনে ১৩ ও জুলাইয়ে ৩৬ জন মারা গেছে। গত ২৪ ঘণ্টায় ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার হাসপাতালগুলোতে ১৮২, দক্ষিণ সিটি করপোরেশন এলাকার হাসপাতালগুলোতে ১২৩ ও ঢাকার দুই সিটি করপোরেশনের বাইরে ১৫৯ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। অন্যান্য বিভাগের মধ্যে বরিশালে ১৩২, চট্টগ্রামে ১২০, খুলনায় ২৪৩, ময়মনসিংহে ৬৯, রাজশাহীতে ৮৭, রংপুরে সাত ও সিলেটে একজন হাসপাতালে ভর্তি ২ এর পাতায় দেখুন

বরিশালে প্রতিমন্ত্রী নুরুল হক নুর
তরুণদের বিশ্বের সাথে তাল মিলিয়ে গড়ে ওঠার আহ্বান

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেছেন, আমরা যারা ছাত্র সংগঠনের রাজনীতি করেছি কিংবা বিশিষ্ট নাগরিক ও রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন, বাংলাদেশে বাজেটের ২০ শতাংশ এবং জিডিপির ৫ শতাংশ বরাদ্দ শিক্ষা খাতে দেওয়া উচিত। এই বরাদ্দ রাষ্ট্রের কোনো খরচ নয়, এটি রাষ্ট্রের বিনিয়োগ। একই সঙ্গে দেশের স্বাস্থ্য খাতকেও আরও সক্ষম করে তুলতে হবে। সোমবার (৩১ আগস্ট) দুপুর ১২টার দিকে বরিশালের ঐতিহ্যবাহী সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নুরুল হক নুর বলেন, বর্তমান সরকার শিক্ষাকে গুরুত্ব দিয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার প্রথমবারের মতো ২ এর পাতায় দেখুন

রাজাপুরে আলোচিত মিলন হত্যা মামলায় আরও এক আসামি গ্রেফতার

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে মিলন হাওলাদার হত্যা মামলায় রুবেল হোসেন (৩৪) নামে আরও এক আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। র‍্যাব-৭ এর সহায়তায় রবিবার চট্টগ্রাম বন্দর এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। রুবেল লক্ষীপুর সদর উপজেলার লাহারকান্দি এলাকার আলার বাড়ির মোঃ নুর হোসেনের ছেলে এবং নিহত মিলন হাওলাদারের ভায়রাভাই। তিনি মামলার ৫ নম্বর এজাহারভূক্ত আসামি। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে প্রযুক্তির সহায়তায় রুবেলের অবস্থান শনাক্ত করে র‍্যাব-৭ এর সহযোগিতায় তাকে গ্রেপ্তার করা হয়। সোমবার সকালে তাকে রাজাপুর থানায় আনার পর সকল আইনি প্রক্রিয়া শেষে দুপুরে ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে। গত ৪ এপ্রিল উপজেলার বড়ইয়া ইউনিয়নের আদাখোলা ২ এর পাতায় দেখুন

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ও ভারপ্রাপ্ত মহাসচিব নির্বাচিত হওয়ায় রুহুল কবির রিজভীকে ফুলের শুভেচ্ছা জানান বরিশাল সদর উপজেলা বিএনপির নেতৃবৃন্দ **-কীর্তনখোলা**

দক্ষিণাঞ্চলে ১০ ঘণ্টার বেশি লোডশেডিং

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল অঞ্চলে দিনে ১০ ঘণ্টার বেশি লোডশেডিং হচ্ছে। থমকে গেছে কর্মজীবন। বিশেষ করে জেলেরা চরম বিপাকে পড়েছেন। টানা বিদ্যুৎ না থাকায় বরফ জমছে না। সাগরে মাছ ধরতেও যেতে পারছেন না তাঁরা। কাগজে-কলমে বিদ্যুৎ উৎপাদনের হাব দক্ষিণাঞ্চল। অথচ খোদ বিদ্যুৎ বিভাগের তথ্যেই অঞ্চলটিতে দিনে ৮-১০ বার লোডশেডিং হচ্ছে। বিদ্যুৎ একবার গেলে এক থেকে দেড় ঘণ্টাতেও আসে না। এর প্রভাব সরাসরি পড়ছে উপকূলের অর্থনীতিতে। পাথরঘাটা, মহিপুর, আলীপুরসহ দক্ষিণ উপকূলের মৎস্যকেন্দ্রের অর্থনীতি বরফকলের ওপর নির্ভরশীল। এর মধ্যে পাথরঘাটা ও কলাপাড়ায় অর্ধশতাধিক বরফকল রয়েছে। স্বাভাবিকভাবে বরফ ২ এর পাতায় দেখুন

হাজার কোটি টাকা ঋণখেলাপিদের ১৫ বছরের সময় দিল বাংলাদেশ ব্যাংক

কীর্তনখোলা ডেস্ক
বড় অঙ্কের ঋণে জর্জরিত ব্যবসাপ্রতিষ্ঠান ও শিল্পগোষ্ঠীগুলোর জন্য নতুন করে বড় নীতি সহায়তা ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। একক প্রতিষ্ঠান বা কোনো গ্রুপের ঋণের পরিমাণ ১ হাজার কোটি টাকা বা তার বেশি হলে সর্বোচ্চ দুই বছর গ্রেস পিরিয়ডসহ ১৫ বছর পর্যন্ত ঋণ বিশেষ পুনঃতফসিলের সুযোগ দেওয়া হয়েছে। পাশাপাশি বিশেষ পুনর্গঠনের ক্ষেত্রে বিদ্যমান নির্ধারিত মেয়াদের বাইরে আরও সর্বোচ্চ চার বছর অতিরিক্ত সময় পাওয়া যাবে। নতুন এ সুবিধা পেতে আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকে আবেদন করা ২ এর পাতায় দেখুন

শিক্ষকের অপসারণ দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের অনশন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান হাফিজ আশরাফুল হকের পদত্যাগ ও অপসারণের দাবিতে অনশনে বসেছেন শতাধিক শিক্ষার্থী। সোমবার দুপুর ১২টার পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দপ্তরের সামনে এ অনশন কর্মসূচি শুরু করেন তাঁরা। এর আগে সকাল থেকেই একই স্থানে অবস্থান কর্মসূচি পালন করছিলেন ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও ৬ শিশুর মৃত্যু, আক্রান্ত ১২৫৬

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ছয় শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে ১ হাজার ২৫৬ শিশুর শরীরে হাম ও হামের উপসর্গ দেখা দিয়েছে। সোমবার (৩১ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ছয় শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মোট ৮৭৪ শিশুর মৃত্যু হয়েছে। ২ এর পাতায় দেখুন

বরিশালে সবজিতে স্বস্তি ফিরলেও মাছের বাজারে উল্টো চিত্র

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের বাজারে সবজির দামে কিছুটা স্বস্তি ফিরলেও মাছের বাজারে উল্টো চিত্র। বেশিরভাগ সবজির দাম কমে আসায় স্বস্তিতে ক্রেতারা। তবে নদীর মাছের সরবরাহ কম থাকায় চাষের মাছের দাম বেড়েছে কেজিতে ৫০ থেকে ১০০ টাকা পর্যন্ত। ফলে মাছ কিনতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে সাধারণ মানুষকে। সোমবার (৩১ আগস্ট) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজার ও পোর্ট রোড মাছের বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজারে দেখা গেছে, কাঁচামরিচ গত কয়েক দিন ধরে কেজিপ্রতি ৬০ টাকা দরে বিক্রি হচ্ছে। করলা ৩০ টাকা, কাঁকরোল ৪০, পেঁপে ১৫ থেকে ২০, পটোল ৩০ থেকে ৩৫, রেখা ২০, লাউ প্রতি পিস ২৫, মিষ্টি কুমড়া ২৫ থেকে ৩০, শসা ১৫, ঢ্যাঁড়স ৩৫ টাকা এবং লেবু ৩ টাকা হালি দরে বিক্রি হচ্ছে। তবে খুচরা বাজারে এসব সবজি কিছুটা বেশি দামে বিক্রি করতে দেখা গেছে। বাংলাবাজারে বাজার করতে আসা সবুজ বলেন, কিছুদিন আগেও ৮০ থেকে ১০০ টাকার নিচে কোনো সবজি পাওয়া যাচ্ছিল না। এখন দাম অনেকটাই স্বাভাবিক হয়েছে। এভাবে দাম ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

বরিশালে ৬ লাখ টাকার নিষিদ্ধ পলিথিন জব্দ, গ্রেফতার ২

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে পরিবেশ অধিদপ্তর, মেট্রোপলিটন পুলিশ ও কোস্ট গার্ডের যৌথ অভিযানে বিপুল পরিমাণ নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়েছে। এ সময় দুটি গোডাউন থেকে দুই কর্মচারীকে গ্রেপ্তার করা হয়, তবে অভিযানের খবর পেয়ে সটে সটকান দেন গোডাউন মালিকেরা। সোমবার (৩১ আগস্ট) দুপুরে নগরীর ২ এর পাতায় দেখুন

হত্যার পর লাশে আগুন, ২১ বছর পর স্বামীর মৃত্যুদণ্ডাদেশ

ভোলা প্রতিনিধি
স্ত্রীকে হত্যার পর মরদেহ গুম এবং হত্যাকাণ্ডকে ভিন্নখাতে প্রবাহিত করতে মরদেহে আগুন দেওয়ার মামলায় মো. বশির নামে এক আসামিকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। সোমবার (৩১ আগস্ট) ভোলার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-২-এর বিচারক মো. এনায়েত উল্লাহ এ রায় দেন। দণ্ডপ্রাপ্ত বশির ভোলা সদর উপজেলার বাপ্তা ইউনিয়নের মুসাকান্দি গ্রামের বাসিন্দা। ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

অ্যাপভিত্তিক ঋণে প্রতারণা

অত্যাধুনিক নানা প্রযুক্তির ব্যবহারের ফলে আমাদের চলাফেরা অনেক সহজ হয়েছে। অফিস-আদালতের কাজ থেকে শুরু করে দৈনন্দিন প্রতিটি কাজে লেগেছে প্রযুক্তির ছোঁয়া। এতে সময় যেমন বেঁচেছে, কাজেও এসেছে গতি। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন অ্যাপ এখন অনেকের দীর্ঘ সময়ের সঙ্গী হয়ে দাঁড়িয়েছে। কিন্তু উদ্বেগের বিষয় হলো, এই প্রযুক্তিই এখন প্রতারকচক্রের কাছে মোক্ষম হাতিয়ার হয়ে উঠেছে। প্রকাশিত এক প্রতিবেদনে জানা গেছে, মোবাইলে অ্যাপভিত্তিক ঋণ নিয়ে বহু মানুষ প্রতারিত হচ্ছে। বেশ কিছু অ্যাপ পরিচালনার ক্ষেত্রে ধরাবাঁধা আইন মানছে না, এসবের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়াও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। খবরে বলা হয়েছে, অ্যাপগুলো সাধারণত অল্প সময়ের মধ্যে ঋণ দেওয়ার প্রলোভন দিয়ে থাকে। সাধারণ লোকজনও সহজে ঋণ পাওয়ার আশায় এসব অ্যাপের দ্বারস্থ হয়। ঋণ গ্রহণের অংশ হিসেবে নানা তথ্য যুক্ত করতে হয়। এর পরই অ্যাপ কর্তৃপক্ষ আর কথামতো আচরণ করে না। নানা অজুহাতে অতিরিক্ত টাকা দাবি করে থাকে। আবার কেউ যদি সেই টাকা দিতে না চায়, তাহলে ব্যক্তিগত তথ্য ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়াসহ নানাভাবে জিম্মি করা হয়। এমন এক ভুক্তভোগী রাজধানী মিরপুরের সাঈদ মিয়া। জরুরি প্রয়োজনে তিনি একটি অ্যাপ থেকে ২৪ হাজার টাকা ঋণ নেন। এক সপ্তাহ পরই অ্যাপে সুদসহ তাঁর বকেয়া দেখানো হয় ৮১ হাজার টাকা। এরপর তিনি ৫৪ হাজার টাকা পরিশোধ করেন। বাকি অর্থ দিতে অস্বীকৃতি জানালে ভয়ভীতি দেখানো হয়। শুধু সাঈদ মিয়া নন, এমন প্রতারণার শিকার বহু মানুষ। অ্যাপগুলো ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজেদের প্রচার-প্রসার করে থাকে। আকর্ষণীয় বিজ্ঞাপন বানিয়ে মানুষের চোখের সামনে ঝুলিয়ে রাখা হয়। আর্থিক অনটনে থাকা মানুষ এসব ফাঁদে পা দেয়। খবরে একটি অ্যাপের কথা উল্লেখ করা হয়েছে, যেটির পরিচালনাকারীদের নির্দিষ্ট কার্যালয় বা স্থায়ী ঠিকানা পর্যন্ত নেই। অথচ গত বছরের সেপ্টেম্বরে প্লে স্টোরে আসা অ্যাপটি এখন পর্যন্ত পাঁচ লাখের বেশিবার ডাউনলোড করা হয়েছে। জানা গেছে, বাজারে অন্তত ৩০টি অ্যাপ রয়েছে, যারা ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে থাকে। অথচ অনুমোদন ছাড়া ঋণ বিতরণ এবং নিবন্ধিত প্রতিষ্ঠান ছাড়া আর্থিক সেবার প্ল্যাটফর্ম পরিচালনা করা আইনসিদ্ধ নয়। বিশেষজ্ঞরা বলছেন, দেশে বৈধভাবে ঋণ দেওয়ার সুযোগ রয়েছে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অনুমোদিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, গত জুন মাসে ব্যাংক ব্যবস্থায় বেসরকারি খাতে বিতরণ করা ঋণের পরিমাণ ছিল ১৮ লাখ ২৫ হাজার কোটি টাকা। আর মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) ২০২৪ সালের জুনের হিসাব অনুযায়ী, ক্ষুদ্রঋণের স্থিতি ছিল দুই লাখ ৬২ হাজার কোটি টাকা। তবে বৈধ ঋণসেবার বাইরে জরুরি প্রয়োজনে দ্রুত ও সহজে ঋণ পাওয়ার যে চাহিদা রয়েছে, সেটিকেই কাজে লাগাচ্ছে অননুমোদিত অ্যাপগুলো। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান যথার্থই বলেছেন, 'অ্যাপভিত্তিক ঋণ প্রতারণা ক্যাশলেস বাংলাদেশ গড়ার পথে বড় প্রতিবন্ধকতা। এ ধরনের প্রতারণা থেকে বাঁচতে সবকিছুর আগে সচেতনতা নিশ্চিত করতে হবে।' আমরা মনে করি, এই যুগে প্রযুক্তির ব্যবহার আরো নিরাপদ ও গ্রাহকবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে। যেসব অ্যাপের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ রয়েছে, অভিযোগগুলো অবশ্যই খতিয়ে দেখা দরকার, অপরাধ প্রমাণিত হলে সেগুলোর কার্যক্রম বন্ধ করাই যুক্তিযুক্ত। একই সঙ্গে অননুমোদিত অ্যাপগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

মালয়েশিয়ায় যেতে ৮ লাখ

এক গুচ্ছ বার্তা দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি স্পষ্ট করে জানান, জাতীয় স্বার্থ ও বৈশ্বিক ভারসাম্য বজায় রেখে সবার সঙ্গে সম্পর্কের দরজা খোলা রাখাই বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল ভিত্তি হওয়া উচিত। একই সঙ্গে প্রবাসী শ্রমিকদের অস্বাভাবিক অভিবাসন খরচ ও বিমান টিকিটের সিন্ডিকেট নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন তিনি। সোমবার (৩১ আগস্ট) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক স্ট্যাটাসে এসব কথা জানান। দেশে ফিরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি আন্তর্জাতিক সম্পর্ক, মক্কা প্যাক্টে বাংলাদেশের সম্ভাব্য অংশগ্রহণ, দেশের জ্বালানি ও বিদ্যুৎ পরিস্থিতি, প্রবাসী শ্রমবাজার, বিমান টিকিটের মূল্যবৃদ্ধি এবং চলমান রাজনৈতিক কর্মসূচিসহ বিভিন্ন সমসাময়িক বিষয়ে কথা বলেন। মক্কা প্যাক্টে বাংলাদেশের সম্ভাব্য অংশগ্রহণ নিয়ে বাংলাদেশের যুক্ত হওয়ার বিষয়ে সরকারের উদ্যোগকে ইতিবাচক হিসেবে উল্লেখ করে আসিফ মাহমুদ বলেন, 'আমরা মক্কা প্যাক্টে যুক্ত হওয়া নিয়ে সরকারের উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছি।' তবে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় স্বার্থ, কৌশলগত স্বাধীনতা ও ভারসাম্য বজায় রাখার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, 'বাংলাদেশের অবশ্যই সবার সঙ্গে সম্পর্ক রাখার যে দরজাটা, সেটা খোলা রেখেই যে কোনো ধরনের বাণিজ্যিক কিংবা সামরিক চুক্তিতে যাওয়া প্রয়োজন।' তিনি বলেন, 'বাংলাদেশের পররাষ্ট্রনীতি এমন হতে হবে, যেন কোনো একটি পক্ষের সঙ্গে সম্পর্ক গভীর করতে গিয়ে অন্য কোনো রাষ্ট্র বা অঞ্চলের সঙ্গে বাংলাদেশের স্বার্থসংশ্লিষ্ট সম্পর্ক ক্ষতিগ্রস্ত না হয়।' দেশের বর্তমান তেল, গ্যাস ও বিদ্যুৎ পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি। এ সময় তিনি বলেন, 'অতিরিক্ত দাম ও বিভিন্ন ভূতুড়ে বিল পরিশোধের পরও নাগরিকরা পর্যাপ্ত গ্যাস ও বিদ্যুৎ পাচ্ছেন না। এতে দেশের পরিস্থিতি ২০০৫ সালের আগের সময়ের মতো সংকটাপন্ন হয়ে উঠছে বলেও মন্তব্য করেন তিনি।'

গুম প্রতিরোধের বাতিল করা

মিয়া গোলাম পরওয়ার। একই সঙ্গে যারা গুমের সঙ্গে জড়িত তাদের হাতে তদন্তের দায়িত্ব না দেওয়ারও আহ্বান জানিয়েছেন তিনি। রোববার আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে জাতীয় সংসদ অভিমুখে পদযাত্রা ও স্পিকারের কাছে স্মারকলিপি দিয়েছে 'আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালন জাতীয় কমিটি'। স্মারকলিপি প্রদানের আগে জাতীয় সংসদের সামনে আয়োজিত সমাবেশে এসব দাবি জানান পরওয়ার। মিয়া গোলাম পরওয়ার বলেন, গুমের বিরুদ্ধে যে অরডিন্যান্স জারি করা হয়েছে তা বাতিল করে, গুমের ঘটনার তদন্তের দায়িত্ব পুলিশের হাতে দিয়ে এই সরকার আবার 'গুম করার ষড়যন্ত্র করছে'। তিনি আরও বলেন, 'গুম প্রতিরোধের যে অর্ডিন্যান্সটি বাতিল করা হয়েছে তা বহাল রাখতে হবে। যারা গুম করে তাদের হাতে তদন্তের দায়িত্ব থাকতে পারে না।' কর্মসূচিতে বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব জালালুদ্দিন বলেন, চব্বিশের গণঅভ্যুত্থানে জনগণ ঘোষণা করেছে বাংলাদেশে আর গুম, খুনের আস্তানা চলতে পারে না। জুলাই সনদে মানবাধিকার রক্ষা ও গুম প্রতিরোধে চূড়ান্ত রূপরেখা তৈরি করা হয়েছিল। 'বর্তমান সরকার নোট অব ডিসেন্ট দিয়ে সেখানে নামেমাত্র একটি কমিটি করতে চায়। এ সরকার বিগত ফ্যাসিবাদের মতো গুম, খুন করতে চায়' মন্তব্য করেন তিনি। অধিবেশনের প্রথম দিনেই বিরোধী দলের ওয়াকআউটঅধিবেশনের প্রথম দিনেই বিরোধী দলের ওয়াকআউট স্মারকলিপি জমা দেওয়ার পর আন্তর্জাতিক গুম প্রতিরোধ কমিটির যুগ্ম আহ্বায়ক হাসিনুর রহমান বলেন, তাঁরা সবগুলো পয়েন্ট স্পিকারকে জানিয়েছেন। তিনি দ্বিমত করেননি। তিনি সর্বাত্মক চেষ্টা করবেন বলে জানিয়েছেন। তিনি আরও বলেন, 'আমি বলেছি যে আইনটি করা হয়েছে, তার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর স্ত্রীও প্রমাণ করতে পারবেন না যে, তাঁর স্বামীকে গুম করা হয়েছিল। আমরা এ ধরনের আইন চাই না।'

কষ্ট না দিয়ে হাসি

অধিবেশনে বক্তব্য শেষ করলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তার বিভিন্ন বক্তব্যে বিরোধী রাজনৈতিক দলের সদস্যদের 'গোস্বা করা'র দিকে ইঙ্গিত করে হাসিমুখে কিছুটা রসিকতার সুরে তিনি বলেন, 'আজকে আমি আপনাদের মনে নিশ্চয়ই কোনো কষ্ট দিইনি'। রবিবার জাতীয় সংসদের অধিবেশনে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন প্রসঙ্গে বক্তব্য দিতে গিয়ে একথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। অধিবেশনে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে সব রাজনৈতিক দলের সহযোগিতা চাওয়ার পাশাপাশি সংবিধান সংশোধন কমিটিতে অংশ নিয়ে নিজেদের মতামত তুলে ধরার আহ্বান জানান তিনি। জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন ইস্যুতে বিএনপি সবসময়ই ইতিবাচক ছিল জানিয়ে বিরোধী দলগুলোর উদ্দেশে সালাহউদ্দিন আহমদ বলেন, রাজনৈতিক দলগুলো সহযোগিতার হাত না বাড়িয়ে আগে সব দাবি পূরণের শর্ত দিলে এবং এরপরও সংবিধান সংশোধন কমিটিতে অংশ না নিলে সেটিকে প্রকৃত সহযোগিতা বলা যায় না। তিনি বলেন, 'একতরফাভাবে আপনাদের সব দাবি মানতে হবে, তারপরও আপনারা সংবিধান সংশোধন কমিটিতে আসবেন না, এটা তো হতে পারে না। আপনারা কমিটিতে আসুন। আপনাদের যা বক্তব্য আছে, আমরা তা লিপিবদ্ধ করব। আপনাদের সব বক্তব্য সেই প্রতিবেদনে থাকবে। জাতি আপনাদের বক্তব্য জানতে পারবে।' সংবিধান সংশোধন প্রক্রিয়াকে উন্মুক্ত উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'কমিটিতে বিভিন্ন বিষয়ে মতভেদ থাকতে পারে। আবার কিছু প্রস্তাবে সবাই একমতও হতে পারেন। সংবিধানে নতুন কোনো বিষয় অন্তর্ভুক্ত করার প্রস্তাব এলে সেটিও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।' তিনি আরও বলেন, 'আমরা খুবই উন্মুক্ত। আশা করি, আপনারা সংবিধান সংশোধন কমিটিতে আসবেন। আপনারা যখনই অংশগ্রহণ করবেন, আমরা স্বাগত জানাব। তখন জুলাই জাতীয় সনদ পূর্ণাঙ্গভাবে বাস্তবায়িত হবে তার আগ পর্যন্ত বিদ্যমান বিধান অনুসারে আমরা যাবো'। বক্তব্যের শেষ পর্যায়ে এসে বিরোধী দলের সদস্যদের উদ্দেশে কিছুটা হাস্যরস করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'আজকে আমি আপনাদের মনে নিশ্চয়ই কোনো কষ্ট দিইনি।'

প্রধানমন্ত্রীর নিউইয়র্ক সফর

প্রধানমন্ত্রী তারেক রহমানের। তার যুক্তরাষ্ট্র আগমন উপলক্ষে বিএনপির সব পর্যায়ের নেতাকর্মীদের সঙ্গে স্থানীয় সময় রোববার (৩০ আগস্ট) যৌথসভা অনুষ্ঠিত হয়েছে। সভায় যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক নেতৃবৃন্দ, কানাডা বিএনপি ও নিউইয়র্কসহ ১৮টি স্টেট ও মহানগর কমিটি, যুক্তরাষ্ট্র যুবদল, স্বেচ্ছাসেবক দল, জাসাসসহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা ভার্চুয়ালি অংশ নেন। সভায় ভার্চুয়ালি যুক্ত হন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) রুহুল কবির রিজভী। প্রধান অতিথির বক্তব্য তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের নিউইয়র্ক সফরের সময় সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, এই সফরকে আমরা কোনো বিভেদ বা সংঘাতের উপলক্ষ বানাবো না। বরং ঐক্য, শৃঙ্খলা, সৌন্দর্য ও বাংলাদেশের মর্যাদা বিশ্ব দরবারে তুলে ধরার সুযোগ হিসেবে গ্রহণ করব। যৌথ প্রস্তুতি সভার সমন্বয়ক ও সঞ্চালকের দায়িত্ব পালন করেন বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আনোয়ার হোসেন খোকন। তিনি জানান, প্রধানমন্ত্রী তারেক রহমান দীর্ঘ ১৭ বছর পর নিউইয়র্কে আসবেন। তার আগমনকে সফল করতে আমরা সর্বাত্মক প্রস্তুতি নিচ্ছি। সভার আরো বক্তব্য রাখেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট, জিল্লুর রহমান জিল্লু, গিয়াস আহমদ, মিজানুর রহমান ভুঁইয়া মিল্টন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক নেতাদের মধ্যে শরাফত হোসেন বাবু, নেওয়াজ আহমেদ জুয়েল, আনোয়ার হোসেন, কামাল পাশা বাবুল, গিয়াস উদ্দিন, আখতার হোসেন বাদল, আব্দুস সবুর, মোশাররফ হোসেন সবুজ, কাজী আজম, ফিরোজ আহমেদ, জসিম ভুঁইয়া, মুশফিকুর রহমান খসরু, একে আজাদ, সালেহ আহমেদ মানিক, শফিকুর রহমান দুলাল, গোলাম ফারুক শাহীন, ডিউক খান, জগলুল হায়দার, মুকুল (জাবি) প্রমুখ। সভায় কানাডা পূর্ব ও কানাডা পশ্চিম বিএনপি, যুক্তরাষ্ট্রের সব স্টেট, ও মহানগর বিএনপির সভাপতি সাধারণ সম্পাদক, অঙ্গসহযোগী সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ সব পর্যায়ের নেতাকর্মী তারেক রহমানের আগমনকে স্বাগত জানান ও ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। সবাইকে ঐক্যবদ্ধভাবে সব ষড়যন্ত্রকে সাংগঠনিকভাবে মোকাবিলা করার অনুরোধ জানান।

তরুণদের বিশ্বের সাথে তাল

শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা খাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ দিয়েছে। প্রতিমন্ত্রী বলেন, আপনাদের হাতে এখন ডিজিটাল ফোন ও বিভিন্ন ডিভাইস রয়েছে। পৃথিবীর যেকোনো বিষয়ে লিখে সার্চ করলেই মুহূর্তের মধ্যে অসংখ্য তথ্য পাওয়া যায়। ১০ বছর আগের বাংলাদেশ আর বর্তমান বাংলাদেশ কিংবা বর্তমান বিশ্বব্যবস্থার মধ্যে রাত-দিনের পার্থক্য। তিনি বলেন, প্রযুক্তির উৎকর্ষের কারণে এখন একজন সাধারণ শিক্ষার্থীও বিশ্বপরিসরে বড় ধরনের পরিবর্তন আনতে পারে। ফেসবুক, এক্স (টুইটার), ইউটিউব, গুগল, টিকটকসহ বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মের উদাহরণ তুলে ধরে তিনি বলেন, অনেক উদ্যোক্তা নতুন নতুন অ্যাপ ও অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করে বিশ্বব্যবস্থা, অর্থনীতি ও মানুষের জীবনযাত্রায় ব্যাপক প্রভাব ফেলছেন। নুরুল হক নুর বলেন, আমাদের দেশেও পাঠাও, চালডালসহ বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্ম গড়ে উঠেছে। শিক্ষা, ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে আইটি উদ্যোক্তারা নতুন নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করছেন। তিনি আরও বলেন, ১০ বছর আগে একজন শিক্ষিত মানুষ যে বিষয়গুলো নিয়ে চিন্তা করতেন, সাধারণ মানুষ হয়তো সেভাবে চিন্তা করতে পারতেন না। ২০ বছর আগে তো অনেক কিছু কল্পনাই করা যেত না। প্রযুক্তির উৎকর্ষের ফলে মানুষের জীবনযাত্রা, রাষ্ট্রব্যবস্থা ও সমাজব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এসেছে। তরুণদের পরিবর্তিত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের দক্ষ করে গড়ে তোলার আহ্বান জানিয়ে তিনি বলেন, আমরা যদি এই পরিবর্তিত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের গড়ে তুলতে না পারি, তাহলে আমরা পিছিয়ে থাকব। বিএম কলেজের ঐতিহ্যের কথা তুলে ধরে নুরুল হক নুর বলেন, বিএম কলেজের মতো একটি ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান শুধু একটি কলেজ নয়। বাংলাদেশ স্বাধীন হওয়ার আগেও এই উপমহাদেশের সমাজ ও রাষ্ট্রব্যবস্থার পরিবর্তন এবং রাজনীতির গতিপথ নির্ধারণে এই প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বাংলাদেশের জাতীয় পর্যায়ের অনেক নেতৃত্ব এই প্রতিষ্ঠান থেকে তৈরি হয়েছে। নিজের রাজনৈতিক জীবনের প্রসঙ্গ তুলে প্রতিমন্ত্রী বলেন, আমার রাজনীতিতে আসাটা কোনো পরিকল্পনা করে হয়নি। আপনাদের মতো এখানেও অনেকে হয়তো আমার মতো নিম্নবিত্ত বা দুর্বল পরিবারের সন্তান। অনেক কষ্ট করে এ পর্যন্ত এসেছেন। আমার জন্য এটা গর্বের যে, সমাজের একটি সুবিধাবঞ্চিত কমিউনিটি থেকে উঠে এসে আজ নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছি। নুরুল হক নুর বলেন, আমার বাবা স্বপ্ন দেখতেন, আমি একজন বিসিএস ক্যাডার হবো। আমি এখন অনেক বিসিএস ক্যাডারকে পরিচালনা করি। নিশ্চয়ই এটা আমার জন্য ভালো লাগার বিষয়। তিনি বলেন, আমাকে নিয়ে কে কী বলল, চরের ছেলে কি না, সেটা নিয়ে আমি ভাবি না। আমি আমার কর্মের দিকে ফোকাস করি। ইচ্ছাশক্তি, আগ্রহ ও আকাঙ্ক্ষা থাকলে মানুষ তার লক্ষ্যে পৌঁছাতে পারে। অনুষ্ঠানে বিএম কলেজের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সর্বনিম্ন মূল বেতন ২০ হাজার

করা হয়েছে। এতে সর্বনিম্ন গ্রেডের মূল বেতন ১৪২ শতাংশ এবং সর্বোচ্চ গ্রেডের নির্ধারিত বেতন ১০০ শতাংশ বৃদ্ধি পাবে। নির্বাচনি ইশতেহার অনুযায়ী সরকার সামরিক ও অসামরিক ক্ষেত্রে 'এক গ্রেড এক পেনশন' (ওয়ান র‍্যাংক ওয়ান পেনশন) পদ্ধতি চালুর প্রতিশ্রুতি দিয়েছে। তবে এ পদ্ধতি একসঙ্গে বাস্তবায়নে বিপুল আর্থিক সংশ্লেষ এবং ২০১৯ সালের আগে অবসর নেওয়া অসামরিক কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য না থাকায় তা পর্যায়ক্রমে ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে বিকল্প ব্যবস্থা হিসেবে অবসরভোগী পেনশনধারীদের নিট পেনশন উল্লেখযোগ্য হারে বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারের মতে, এর ফলে দীর্ঘদিন আগে অবসরে যাওয়া এবং তুলনামূলক কম নিট পেনশন পাওয়া অবসরপ্রাপ্তদের পেনশন বৃদ্ধির পরিমাণ বেশি হবে। জানা গেছে, নতুন বেতনস্কেলে প্রজাতন্ত্রের কর্মচারীদের বিশেষ চাহিদাসম্পন্ন সন্তানের জন্য প্রথমবারের মতো প্রতিবন্ধী সন্তান ভাতা চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশেষ চাহিদাসম্পন্ন প্রত্যেক সন্তানের জন্য মাসিক ৩ হাজার টাকা ভাতা দেওয়া হবে। এছাড়া ডিজিটাল যোগাযোগ ও ইন্টারনেট ব্যবহারের ব্যয় বিবেচনায় মোবাইল ভাতার আওতাও বাড়ানো হয়েছে। এতদিন কেবল পঞ্চম গ্রেডের কর্মচারীরা মোবাইল ভাতা পেতেন। নতুন বেতন স্কেলে সব গ্রেডের কর্মচারী এই ভাতা পাবেন। নতুন বেতন স্কেল এক সঙ্গে কার্যকর না করে ধাপে ধাপে বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর কারণ হিসেবে বেতন স্কেল বাস্তবায়নের আর্থিক সংশ্লেষ এবং মূল্যস্ফীতির ওপর সম্ভাব্য প্রভাবের কথা বলা হয়েছে। চলতি ২০২৬-২৭ এবং আগামী ২০২৭-২৮ অর্থবছরে পর্যায়ক্রমে বেতন স্কেল বাস্তবায়ন করা হবে। এ ক্ষেত্রে স্বল্প আয়ের কর্মচারীদের অগ্রাধিকার দেওয়া হবে। বিশেষ করে দশম থেকে ২০তম গ্রেডের কর্মচারীদের অগ্রাধিকার দেওয়া হবে। ১ জুলাই ২০২৬ থেকে ১ জুলাই ২০২৭-এর মধ্যে মূল বেতন মোট তিনটি ধাপে বাস্তবায়ন করা হবে। আর বিভিন্ন ভাতা ১ জানুয়ারি ২০২৮ থেকে একযোগে কার্যকর হবে। পেনশনভোগীদের নিট পেনশনও একইভাবে ধাপে ধাপে বাড়ানো হবে। এদিকে জুডিসিয়াল সার্ভিসের জন্য পৃথক কমিটি গঠন করা হয়েছে। ওই কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস বেতন স্কেল অনুমোদন করা হবে। সেটিও ১ জুলাই ২০২৬ থেকে জাতীয় বেতন স্কেলের মতো ধাপে ধাপে কার্যকর হবে। সরকার মনে করছে, পর্যায়ক্রমে বেতনস্কেল বাস্তবায়ন করা হলে জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতির চাপ কিছুটা প্রশমিত করা সম্ভব হবে। নতুন বেতন স্কেল বাস্তবায়নের ফলে প্রায় ২৪ লাখ সামরিক ও অসামরিক কর্মচারী এবং সোয়া ৯ লাখ অবসরপ্রাপ্ত কর্মচারী ও অন্যান্য যোগ্য সুবিধাভোগী উপকৃত হবেন। এজন্য সরকারের অতিরিক্ত বার্ষিক আর্থিক ব্যয় হবে আনুমানিক ১ লাখ ৫ হাজার ৫৮০ কোটি টাকা। সরকারের দাবি, মিডিয়াম টার্ম বাজেট ফ্রেমওয়ার্ক অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরগুলোর বাজেটে এ ব্যয়ের সংস্থান রাখা হয়েছে। সরকার মনে করছে, নতুন বেতন স্কেল সরকারি কর্মচারীদের আর্থিক নিরাপত্তা ও কর্মোদ্দীপনা বাড়ানোর পাশাপাশি দক্ষ, গতিশীল ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। জাতীয় বেতন স্কেল-২০২৬ বাস্তবায়নের জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় প্রজ্ঞাপন, আদেশ ও নির্দেশনা জারি করবে। এসব নির্দেশনায় বেতন নির্ধারণ পদ্ধতি, বিভিন্ন ভাতা, পেনশন এবং অবসর-পরবর্তী অন্যান্য সুবিধাসহ সংশ্লিষ্ট বিষয়ের বিস্তারিত বিধান থাকবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থাগুলোকে অনুমোদিত বেতন স্কেল যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশনা দেওয়া হবে।

শিক্ষকের অপসারণ দাবিতে বরিশাল

আন্দোলনরত শিক্ষার্থীরা। রোববার রাতে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা চেয়ারম্যান হাফিজ আশরাফুল হকের অপসারণের জন্য সোমবার দুপুর ১২টা পর্যন্ত সময় বেঁধে দেন। নির্ধারিত সময়ের মধ্যে দাবি পূরণ না হওয়ায় অনশনে বসার ঘোষণা দেন তাঁরা। আন্দোলনরত শিক্ষার্থীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে বিভাগে শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমে নানা ধরনের অব্যবস্থাপনা চলছে। পাশাপাশি পক্ষপাতমূলক আচরণ, সেশনজটসহ বিভিন্ন সমস্যার কারণে শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এসব সমস্যা সমাধানে বিভাগীয় চেয়ারম্যান কার্যকর ভূমিকা রাখতে ব্যর্থ হয়েছেন বলেও অভিযোগ তাঁদের। শিক্ষার্থীরা আরও অভিযোগ করেন, ২০১৭ সালে বিভাগটির যাত্রা শুরু হলেও দীর্ঘ সময়ে মাত্র দুটি ব্যাচের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। ফলে বিভাগের শিক্ষার্থীদের মধ্যে দীর্ঘদিন ধরে ক্ষোভ তৈরি হয়েছে। আন্দোলনরত শিক্ষার্থী মো. নাজমুল হোসেন বলেন, 'আমাদের দাবি চেয়ারম্যান হাফিজ আশরাফুল হকের পদত্যাগ এবং বিভাগ থেকে অপসারণ। আমরা উপাচার্য বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। কিন্তু সোমবার উপাচার্যের দপ্তরে আমরা কয়েক দফায় আলোচনা করেও কোনো সমাধান না পেয়ে প্রায় ১৩০ শিক্ষার্থী অনশনে বসেছি।' এ সব অভিযোগের বিষয়ে বিভাগীয় চেয়ারম্যান সহযোগী অধ্যাপক হাফিজ আশরাফুল হক বলেছেন, 'তিনি উন্নয়ন কার্যক্রমের পিডি হওয়ায় একটি পক্ষের স্বার্থে আঘাত লেগেছে। তাঁদের ইন্ধনে এই আন্দোলন ঘটানো হয়েছে।' এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মেহেদি হাসান সোহাগ সোমবার দুপুরে বলেন, শিক্ষার্থীদের সঙ্গে কথা হয়েছে। এখনো আলোচনা চলছে। দ্রুত সময়ে সমাধান হবে বলে তিনি জানান।

ডেঙ্গুতে এ বছর মৃত্যু

হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে এখন পর্যন্ত দেশে ডেঙ্গু নিয়ে মোট ৩৫ হাজার ৮৪৬ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে ৩৩ হাজার ২০৫ জন সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে। আর গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ১ হাজার ১৭ জন।

রাজাপুরে আলোচিত মিলন

এলাকায় মিলন হাওলাদারকে দিনদুপুরে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করা হয়। পরদিন নিহতের বড় ভাই মোঃ নাসির হাওলাদার বাদী হয়ে রাজাপুর থানায় ১২ জনের নাম উল্লেখ করে এবং আরও ৬-৭ জনকে অজ্ঞাত আসামি করে মামলা করেন। রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, সোমবার দুপুরে রুবেলকে ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে।

দক্ষিণাঞ্চলে ১০ ঘণ্টার বেশি লোডশেডিং

উৎপাদনে টানা ১৬ ঘণ্টা বিদ্যুৎ প্রয়োজন। কিন্তু ভেঙে ভেঙে ৫ থেকে ৭ ঘণ্টা বিদ্যুৎ পাচ্ছেন বরফ কলের মালিকেরা। এতে উৎপাদন থমকে গেছে। সাগরে মাছ ধরার ট্রলার টানা কয়েকদিন অবস্থান করে। মাছ সংরক্ষণের জন্য ট্রলারে বিপুল পরিমাণ বরফ নিতে হয়। কিন্তু বিদ্যুৎ না থাকায় এখন দ্বিগুণ দামেও বরফ পাচ্ছেন না জেলেরা। এভাবে চলতে থাকলে পথে বসতে হবে বলে জানিয়েছেন জেলেরা। বরিশাল অঞ্চলে পূর্ণাঙ্গ সক্ষমতায় বিদ্যুৎ উৎপাদন করতে না পারার জন্য পিডিবি বিভিন্ন সময় জ্বালানি সরবরাহ সংকট সামনে এনেছে। যদিও গত ২৫ আগস্ট কেন এত পরিমাণ ঘাটতি, তা কর্মকর্তারা জানাতে পারেননি। বৃহত্তর বরিশাল অঞ্চলে বিদ্যুৎকেন্দ্র ৯টি। এগুলোর উৎপাদন সক্ষমতা ৩ হাজার ৪৭০ মেগাওয়াট। বরিশাল জাতীয় গ্রিড উপকেন্দ্রের হিসাব অনুযায়ী, বিভাগের ছয় জেলায় দৈনিক বিদ্যুতের চাহিদা ৫৫০ থেকে ৬০০ মেগাওয়াট। কিন্তু বর্তমানে চাহিদার বিপরীতে সরবরাহ হচ্ছে ৩০০-৩৫০ মেগাওয়াট। দিনে গড়ে ৪৫ থেকে ৫০ শতাংশ ঘাটতি থাকছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) গত ২৫ আগস্টের তথ্যে দেখা যায়, পিক আওয়ারের উৎপাদন ২ হাজার ১০৪ মেগাওয়াট, যা লক্ষ্যমাত্রার চেয়ে ৬১৪ মেগাওয়াট কম। সন্ধ্যায় বিদ্যুতের চাহিদা সাধারণ সর্বোচ্চ থাকে। ওইদিন সন্ধ্যায় ২ হাজার ৮১৭ মেগাওয়াট লক্ষ্যের বিপরীতে কেন্দ্রগুলোর উৎপাদন ২ হাজার ২৫৬। ৫৬১ মেগাওয়াট ঘাটতি লোডশেডিংয়ের মাধ্যমে পূরণ করতে হয়েছে। পিডিবির তথ্যে, বরিশাল অঞ্চলের কেন্দ্রগুলোর ডিরেটেড সক্ষমতা ৩ হাজার ৩১২ মেগাওয়াট। এর মানে স্থাপিত সক্ষমতার ১৫৮ মেগাওয়াট কার্যত উৎপাদনের বাইরে রয়েছে। ফলে এই ঘাটতিও লোডশেডিং বাড়িয়ে দিচ্ছে। বৃহত্তর বরিশাল অঞ্চলে ৯ বিদ্যুৎকেন্দ্রের উৎপাদন সক্ষমতা ৩ হাজার ৪৭০ মেগাওয়াট। বরিশাল জাতীয় গ্রিড উপকেন্দ্রের হিসাব অনুযায়ী, বিভাগের ছয় জেলায় দৈনিক বিদ্যুতের চাহিদা ৫৫০ থেকে ৬০০ মেগাওয়াট। কিন্তু বর্তমানে চাহিদার বিপরীতে সরবরাহ হচ্ছে ৩০০-৩৫০ মেগাওয়াট। দিনে গড়ে ৪৫ থেকে ৫০ শতাংশ ঘাটতি থাকছে। বিদ্যুৎকেন্দ্রের স্থাপিত ও কার্যকর সক্ষমতার পার্থক্য হলো ডিরেটেড। কেন্দ্র পরিচালনার জন্য অনেক সময় সর্বোচ্চ সক্ষমতার চেয়ে কিছুটা কম বিদ্যুৎ উৎপাদন করতে হয়। এটি ইচ্ছে করে, আবার কখনো যন্ত্রপাতির অবস্থা ও পরিবেশগত কারণে স্বয়ংক্রিয়ভাবে হয়। তিন কেন্দ্রে ঘাটতি ৪৮০ মেগাওয়াট পটুয়াখালীর পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের দুটি ইউনিটের স্থাপিত সক্ষমতা ১ হাজার ৩২০ মেগাওয়াট। গত ২৫ আগস্ট লক্ষ্যমাত্রা ৮১০ মেগাওয়াট থাকলেও, বাস্তবে উৎপাদন হয়েছে ৫৭০। ২৪০ মেগাওয়াটের ঘাটতিতে লোডশেডিং হচ্ছে। একইভাবে পটুয়াখালীর আরেক বিদ্যুৎকেন্দ্র ১৫০ মেগাওয়াট সক্ষমতার ইউনাইটেড পায়রা পাওয়ার লিমিটেড (ইউপিপিএল)। এখানে লক্ষ্যমাত্রার চেয়ে ১৩৩ মেগাওয়াট কম উৎপাদন হয়েছে। অন্যটি বরগুনার তালতলীতে ৩০৭ মেগাওয়াট কয়লাভিত্তিক তাপবিদ্যুৎকেন্দ্র বরিশাল ইলেকট্রিক পাওয়ার কোম্পানি লিমিটেড (বিইপিসিএল)। ২৫ আগস্ট লক্ষ্যমাত্রার চেয়ে ১০৭ মেগাওয়াট কম উৎপাদন হয়েছে। তিন কেন্দ্র মিলে লক্ষ্যমাত্রার চেয়ে ৪৮০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কম হয়েছে। চিত্রটি ওইদিনের মোট ঘাটতির প্রায় ৭৮ শতাংশ। বরিশাল অঞ্চলে পূর্ণাঙ্গ সক্ষমতায় বিদ্যুৎ উৎপাদন করতে না পারার জন্য পিডিবি বিভিন্ন সময় জ্বালানি সরবরাহ সংকট সামনে এনেছে। যদিও গত ২৫ আগস্ট কেন এত পরিমাণ ঘাটতি, তা কর্মকর্তারা জানাতে পারেননি। বরিশাল বিদ্যুৎ বিভাগের নির্বাহী প্রকৌশলী আখতারুজ্জামান পলাশ বলেন, দক্ষিণাঞ্চলের কেন্দ্রগুলোতে উৎপাদিত বিদ্যুৎ সরাসরি বিভাগের ছয় জেলার গ্রাহকেরা পান না। উৎপাদিত বিদ্যুৎ প্রথমে জাতীয় গ্রিডে যুক্ত হয়। এরপর জাতীয় চাহিদা ও গ্রিডের পরিস্থিতি অনুযায়ী তা বিভিন্ন অঞ্চলে সরবরাহ করা হয়। ফলে বরিশাল অঞ্চলের ঘাটতি কেন্দ্রীয়ভাবে সমন্বয় হচ্ছে।

হত্যার পর লাশে আগুন

মামলা সূত্রে জানা গেছে, ২০০৫ সালের ৫ ফেব্রুয়ারি রাত ১১টা থেকে পরদিন ভোর সাড়ে ৩টার মধ্যে যেকোনো সময় বশির তার স্ত্রী বিলকিসকে নিজ বসতঘরে হত্যা করেন। ঘটনা ভিন্নখাতে প্রবাহিত ও মরদেহ গুম করার উদ্দেশে বিলকিসের শরীরে আগুন ধরিয়ে দেন। এতে তার মুখ, গলা, ঘাড়, বুক ও পাঁজরসহ শরীরের বিভিন্ন অংশ পুড়ে যায়। স্ত্রীর মৃত্যু নিশ্চিত হওয়ার পর তাদের দুই সন্তান ৯ বছর বয়সী খাদিজা খাতুন ও দেড় বছর বয়সী মো. ইমরানকে বাড়িতে রেখে পালিয়ে যান বশির। দীর্ঘ প্রায় ২১ বছর পলাতক থাকার পর ২০২৫ সালে তিনি আদালতে আত্মসমর্পণ করেন। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে রাষ্ট্রপক্ষের সাক্ষ্য-প্রমাণে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত বশিরকে মৃত্যুদণ্ড দেন। মামলার বাদী ছিলেন বিলকিসের এক মেয়ের পালক বাবা মোহাম্মদ খুরশিদ আলম। রাষ্ট্রপক্ষে মামলাটি পরিচালনা করেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মো. হাবিবুর রহমান (বাচ্চু)। আসামিপক্ষে ছিলেন অতীন্দ্র লাল ব্যানার্জী। রায়ের পর আসামিপক্ষের আইনজীবী অতীন্দ্র লাল ব্যানার্জী বলেন, এ রায়ে আসামিপক্ষ ক্ষুব্ধ। তাদের মতে, রায়ে ন্যায়বিচার প্রতিফলিত হয়নি। পূর্ণাঙ্গ রায় পাওয়ার পর উচ্চ আদালতে আপিল করা হবে। আপিলের প্রস্তুতিও চলছে।

বরিশালে ৬ লাখ টাকার নিষিদ্ধ

বাজার রোড এলাকায় এ অভিযান পরিচালিত হয়। কোস্ট গার্ডের গোপন তথ্যের ভিত্তিতে বরিশাল কোস্ট গার্ডের কন্টিনজেন্ট কমান্ডারের নেতৃত্বে এই যৌথ অভিযান চালানো হয়। এতে পরিবেশ অধিদপ্তর বরিশাল জেলা কার্যালয়ের প্রতিনিধি, মেট্রোপলিটন পুলিশের উপপরিদর্শক (এসআই) সরোয়ার এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অন্য সদস্যরা অংশ নেন। অভিযানকালে বাজার রোডের পলিথিন ব্যবসায়ী বিজয় সরকার ও জাকির হোসেনের গোডাউনে তল্লাশি চালিয়ে তিন টনেরও বেশি নিষিদ্ধ পলিথিন উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য ৬ লাখ টাকার বেশি। এ সময় গোডাউনে কর্মরত শাহআলম ও চয়ন নামে দুই কর্মচারীকে গ্রেপ্তার করা গেলেও পালিয়ে যান মালিক পক্ষ। পরবর্তীতে উদ্ধার করা পলিথিন কোস্ট গার্ড ব্যাটালিয়নে নিয়ে যাওয়া হয়। সংশ্লিষ্ট আইনে পলাতক মালিকদের বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

বরিশালে সবজিতে স্বস্তি ফিরলেও

কম থাকলে সবজি কিনে খাওয়া সম্ভব। তবে ব্যবসায়ীরা যাতে ইচ্ছেমতো দাম নির্ধারণ করতে না পারেন, সেজন্য নিয়মিত বাজার মনিটরিং প্রয়োজন। আরেক ক্রেতা খাইরুল ইসলাম বলেন, কিছুদিন আগেও কাঁচামরিচ ৩০০ থেকে ৪০০ টাকা কেজি পর্যন্ত বিক্রি হয়েছে। এখন সেই মরিচ ৬০ টাকায় পাওয়া যাচ্ছে। তখন বলা হয়েছিল বৃষ্টির কারণে সরবরাহ কম থাকায় দাম বেড়েছে। এখন আবার বৃষ্টির কারণেই বিক্রি কম বলে দাম কমার কথা বলা হচ্ছে। বিষয়টি খতিয়ে দেখা দরকার। বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজি বাজারের দুলাল বাণিজ্যালয়ের ব্যবসায়ী শুভ বলেন, গত কয়েক দিনের বৃষ্টিতে সবজির সরবরাহ কম থাকায় দামে প্রভাব পড়েছিল। এখন সরবরাহ বাড়লেও বৃষ্টির কারণে বিক্রি কম। তাই দামও কিছুটা কমেছে। অন্যদিকে নগরীর পোর্ট রোডের পাইকারি মাছের বাজারে দেখা গেছে ভিন্ন চিত্র। সেখানে মাছের দাম বেড়ে যাওয়ায় বিপাকে পড়েছেন ক্রেতারা। ব্যবসায়ীরা বলছেন, নদীর মাছের সরবরাহ কম থাকায় চাহিদা বেড়েছে চাষের মাছের। এর প্রভাব পড়েছে দামে। সপ্তাহের ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ১০০ টাকা পর্যন্ত বেড়েছে। আল-আমিন নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছেন। এখন একই মাছ ১ হাজার ৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙ্গাশের মতো তুলনামূলক কম দামের মাছ কিনতে হচ্ছে। এদিকে মুরগির বাজারে কিছুটা স্বস্তি রয়েছে। কয়েক দিন ধরে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৬৫ থেকে ১৭০ টাকা, লেয়ার ৩৬৫ টাকা এবং সোনালি মুরগি ২৯০ টাকা দরে বিক্রি হচ্ছে। তবে গরু ও খাসির মাংসের দাম অপরিবর্তিত রয়েছে।

হামের উপসর্গে আরও

হামে আক্রান্ত হয়ে আরও ৯৯ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৯৭৩ শিশু মারা গেছে। এছাড়া ২৪ ঘণ্টায় ৯৪ শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ১৬২। এই সময়ে ১ হাজার ৯০ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১ হাজার ১১২ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে সোমবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ৫৭ হাজার ৯৯১, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১৯ হাজার ৩১২। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ১ লাখ ৩৮ হাজার ৪৪৫ রোগী, যাদের মধ্যে ১ লাখ ৩৩ হাজার ৪০৪ জন ছাড়পত্র পেয়ে এরই মধ্যে বাড়ি ফিরেছে।

হাজার কোটি টাকা

যাবে। আর প্রয়োজনীয় ডাউনপেমেন্ট গ্রহণের পর এসব আবেদন আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিষ্পত্তি করতে হবে। সোমবার (৩১ আগস্ট) বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ (বিআরপিডি) এ বিষয়ে সার্কুলার লেটার নং-৩০ জারি করেছে। দেশের কার্যরত সব তফসিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠানো নির্দেশনাটি অবিলম্বে কার্যকর হবে। বাংলাদেশ ব্যাংক বলছে, ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানগুলোর ব্যবসায়িক কার্যক্রম ও আর্থিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে আগে দেওয়া নীতি সহায়তার কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতেই নতুন এ নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫-এর আওতায় নীতি সহায়তা পাওয়ার জন্য আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত নতুন আবেদন গ্রহণ করা যাবে। শুধু নতুন আবেদনকারী নয়, যেসব ঋণগ্রহীতা আগে ব্যবসা ও আর্থিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তাসংক্রান্ত বাছাই কমিটির মাধ্যমে সুবিধা নিয়েছেন, তারাও নতুন করে আবেদন করার সুযোগ পাবেন। তবে নতুন সার্কুলারে সবচেয়ে বেশি সুবিধা দেওয়া হয়েছে বড় ঋণগ্রহীতাদের। কোনো একক প্রতিষ্ঠান বা গ্রুপের নীতি সহায়তার আওতায় বিশেষ পুনঃতফসিল বা পুনর্গঠনের জন্য আবেদন করা ঋণের স্থিতি ১ হাজার কোটি টাকা বা তার বেশি হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিশেষ ব্যবস্থা নিতে পারবে ব্যাংক। এ ক্ষেত্রে সর্বোচ্চ দুই বছর গ্রেস পিরিয়ডসহ ১৫ বছর পর্যন্ত ঋণ পুনঃতফসিল করা যাবে। অর্থাৎ বড় ঋণগ্রহীতা প্রতিষ্ঠানগুলো কিস্তি পরিশোধ শুরুর আগে সর্বোচ্চ দুই বছর সময় পাওয়ার পাশাপাশি দীর্ঘ ১৫ বছরে ঋণ পরিশোধের সুযোগ পাবে। বিশেষ পুনর্গঠনের ক্ষেত্রেও দেওয়া হয়েছে বাড়তি ছাড়। বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২-এ নির্ধারিত মেয়াদের বাইরে আরও সর্বোচ্চ চার বছর সময় দিয়ে ঋণ পুনর্গঠন করা যাবে। তবে এ বিশেষ সুবিধা সবার জন্য নয়। একক প্রতিষ্ঠান বা গ্রুপের আবেদন করা ঋণের পরিমাণ ১ হাজার কোটি টাকার কম হলে বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫-এ নির্ধারিত মেয়াদই বহাল থাকবে। বাংলাদেশ ব্যাংক আরও জানিয়েছে, যেসব ঋণগ্রহীতা ইতোমধ্যে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ অথবা নীতি সহায়তাসংক্রান্ত বাছাই কমিটির আওতায় সুবিধা পেয়েছেন, তারাও নতুন নির্দেশনায় বর্ণিত বাড়তি সুবিধা গ্রহণ করতে পারবেন। তবে আগে নেওয়া গ্রেস পিরিয়ডের সময় নতুন করে গণনা করা হবে না। ইতোমধ্যে যে সময় পার হয়েছে, সেটি নতুন নির্ধারিত গ্রেস পিরিয়ডের অংশ হিসেবে বিবেচিত হবে। প্রয়োজন অনুযায়ী বিধিবদ্ধ সীমার মধ্যে অতিরিক্ত সময়ও দেওয়া যাবে। নতুন আবেদনের ক্ষেত্রে ঋণের শ্রেণিমান অনুযায়ীও আলাদা ব্যবস্থা রাখা হয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অশ্রেণিকৃত ঋণ বিশেষ পুনর্গঠন সুবিধার আওতায় আসবে। অন্যদিকে বিরূপমানে শ্রেণিকৃত ঋণ বিশেষ পুনঃতফসিলের সুযোগ পাবে। তবে সব আবেদনই নির্ধারিত শর্ত পূরণ এবং প্রয়োজনীয় ডাউনপেমেন্ট গ্রহণের পর নিষ্পত্তি করতে হবে। বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে, এ সার্কুলারের আওতায় জমা হওয়া আবেদন আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ সালের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংককে চূড়ান্তভাবে নিষ্পত্তি করতে হবে। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক এ নির্দেশনা জারি করেছে। নতুন সিদ্ধান্তকে বড় অঙ্কের ঋণে জর্জরিত ও আর্থিক সংকটে থাকা ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর জন্য উল্লেখযোগ্য নীতি সহায়তা হিসেবে দেখা হচ্ছে। দীর্ঘমেয়াদে ঋণ পুনর্বিন্যাসের সুযোগ পেলে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানগুলোর নগদ প্রবাহের চাপ কমবে এবং ব্যবসা পুনরুদ্ধারের সুযোগ তৈরি হতে পারে। তবে এ সিদ্ধান্ত নিয়ে ব্যাংক খাতের ঋণ শৃঙ্খলা নিয়েও প্রশ্ন উঠতে পারে। কারণ, বড় ঋণগ্রহীতাদের জন্য দীর্ঘমেয়াদি পুনঃতফসিল, দুই বছর পর্যন্ত গ্রেস পিরিয়ড এবং বিশেষ পুনর্গঠনে অতিরিক্ত সময় দেওয়ার ফলে প্রকৃত খেলাপি ঋণ আদায় কতটা বাড়বে, সেটিই এখন বড় প্রশ্ন। বিশেষ করে ব্যাংক খাতে যখন খেলাপি ঋণের চাপ বাড়ছে এবং দীর্ঘদিন ধরে বড় ঋণগ্রহীতাদের ঋণ পুনঃতফসিল ও পুনর্গঠনের নানা সুবিধা দেওয়া হচ্ছে, তখন নতুন এ নীতি সহায়তা ক্ষতিগ্রস্ত ব্যবসা পুনরুদ্ধারে কার্যকর ভূমিকা রাখবে নাকি বড় ঋণখেলাপিদের জন্য আরেক দফা ছাড়ের সুযোগ তৈরি করবেড়সেটি নিয়ে সংশ্লিষ্ট মহলে আলোচনা শুরু হয়েছে।

বাউফলে নজরুল বর্ষ উপলক্ষ্যে

প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ। অনুষ্ঠানে ইউএনও সালেহ আহমেদ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, সাহিত্যকর্ম ও অসাম্প্রদায়িক চেতনার বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, নজরুলের সাহিত্য অন্যায়, শোষণ, বৈষম্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মানুষকে সোচ্চার হওয়ার অনুপ্রেরণা জুগিয়েছে। তাঁর কবিতা, গান ও সাহিত্যকর্ম বাঙালি জাতির সাংস্কৃতিক ও মানবিক চেতনাকে সমৃদ্ধ করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার মো. নুরুন্নবী, বাউফল উপজেলা বিএনপির সদস্যসচিব আপেল মাহমুদ ফিরোজ, কালাইয়া ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তুষার কান্তি ঘোষসহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। পরে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের লেখা কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশনসহ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে পুরো আয়োজনটি উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

অভিযোগ অস্বীকার আইফোন

আলীপুর ইউনিয়নের রামনাথসেন গ্রামের ইমরান হোসেনের কাছে ১ লাখ টাকায় বিক্রি করে দিয়েছেন এবং সেই টাকা দিয়ে একটি দামি আইফোন কিনেছেন। এই খবর সামাজিক যোগাযোগমাধ্যম ও স্থানীয় এলাকায় ছড়িয়ে পড়লে দেশজুড়ে তীব্র ক্ষোভ ও নিন্দার ঝড় ওঠে। আলোচিত এই শিশুটির সুরক্ষায় প্রশাসনও তৎপর হয়ে ওঠে। খবর পেয়ে অতি দ্রুত অভিযানে নামে পুলিশ। গত রোববার (৩০ আগস্ট) সন্ধ্যায় অভিযুক্ত মারুফ মুন্সিকে আটক করা হয় এবং একই দিন রাত ১০টার দিকে শিশু মুসাকে উদ্ধার করে তার দাদা-দাদির জিম্মায় দেওয়া হয়। সাংবাদিকদের মুখোমুখি হয়ে অভিযুক্ত মারুফ মুন্সি সন্তান বিক্রির অভিযোগ অস্বীকার করেন। তিনি দাবি করেন, 'আমি আমার সন্তান বিক্রি করিনি। যাদের কাছে দেওয়া হয়েছে, তাদের সঙ্গে সন্তান বিক্রির কোনো চুক্তিও হয়নি। সন্তানটিকে শুধু লালন-পালনের জন্যই তাদের কাছে দিয়েছিলাম।' টাকা নেওয়ার বিষয়ে মারুফ বলেন, 'আমার কিছু দেনা পরিশোধ করা জরুরি হয়ে পড়েছিল। তাই ভেবেছিলাম কিছুদিন পর সন্তানকে আবার নিজের কাছে ফিরিয়ে নিয়ে আসব। সন্তান বিক্রির কোনো উদ্দেশ্যে আমি তাকে দিইনি। একটি কাগজে স্বাক্ষর করেছিলাম, তবে তা এক লাখ টাকা নয়, মাত্র পাঁচ হাজার টাকা নিয়েছিলাম।' নিজের ভুলের কথা স্বীকার করে তিনি বলেন, বিষয়টি নিয়ে চারদিকে ভুল বোঝাবুঝি তৈরি হয়েছে এবং তিনি এখন বুঝতে পারছেন কাজটি তার চরম ভুল ছিল।

ভাণ্ডারিয়ায় নজরুল বর্ষ পালন

সংগীত, সাম্য চেতনা, মানবতা, অসাম্প্রদায়িকতা ও মানবতাবাদী দর্শন এবং মানুষের মুক্তির যে বার্তা রয়েছে তা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এ আয়োজন করা হয়। এ উপলক্ষে সকালে অনুষ্ঠানের উদ্বোধন শেষে এক আলোচনা সভায় পৌর প্রশাসক উপজেলা নির্বাহী অফিসার মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, ভাণ্ডারিয়া থানা অফিসার্স ইন চার্জ দেওয়ান জগলুল হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ইব্রাহীম মোল্যা, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. বদিউজ্জামান , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনির হোসেন আকন, যুগ্ম সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন বিল্পব, সাংগঠনিক সম্পাদক মো. আবুল কালাম আজাদ মলাত জোমাদ্দার, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক মো.ওয়াসিন মান্নান উৎপল হাওলাদার, বিশিস্ট সমাজ সেবক মো.জুলফিকার আলী হায়দার হাওলাদার প্রমুখ। সভায় বক্তারা বলেন,নজরুলের সাহিত্য ও সৃষ্টিকর্ম যুগে যুগে মানুষকে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ, সাম্য ও মানবিকতার পথে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা জোগাবে। নতুন প্রজন্মকে জাতীয় কবির সাহিত্য ও দর্শনের সঙ্গে পরিচিত করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের আমন্ত্রিত অতিথিশিল্পীদের গান, নজরুলগীতি ও কবিতা আবৃত্তিসহ বিভিন্ন সাংস্কৃতিক প্রাণবন্ত পরিবেশনা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত উপজেলার বিভিন্ন সরকারি,বেসরকারি দপ্তর ও রাজনৈতিক দলের প্রতিনিধি, উপজেলার বিভিন্ন স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এ অনুষ্ঠান উপভোগ করেন।

চরফ্যাশনে কিশোরীকে ধর্ষণ

তাকে কারাগারে পাঠান। এর আগে, বৃহস্পতিবার (২৭ আগস্ট) র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব) ঢাকা থেকে তাকে গ্রেফতার করে চরফ্যাশন থানা পুলিশের কাছে হস্তান্তর করে। পরে চরফ্যাশন থানার পুলিশ তাকে ঢাকা থেকে চরফ্যাশনে নিয়ে আসে। গ্রেফতার রাকিব মাতাব্বর উপজেলার ওমরপুর ইউনিয়নের নয় নম্বর ওয়ার্ডের বাসিন্দা মরহুম মজিবল হকের ছেলে। মামলা সূত্রে জানা যায়, আসামি মো: রাকিব মাতাব্বর দীর্ঘদিন ধরে ওই শিক্ষার্থীকে স্কুলে যাওয়া-আসার পথে প্রেমের প্রস্তাবসহ দিয়ে আসছিল। গত ১৪ জানুয়ারি জন্মদিনের অনুষ্ঠানের কথা বলে তাকে চরফ্যাশন বাজারের হোটেল বক্সি টাওয়ার আবাসিক হোটেলের ৪০৩ নম্বর রুমে নিয়ে যায় রাকিব। সেখানে বিয়ের প্রলোভন দেখিয়ে তার ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক প্রথমবার ধর্ষণ করে। পরে ২২ মে রাত আনুমানিক ১২টার সময় আসামি কৌশলে বাদির বসতঘরে প্রবেশ করে কিশোরীর মুখ চেপে ধরে ভয়ভীতি দেখিয়ে পুনরায় তাকে ধর্ষণ করে। এসময় ভুক্তভোগীর মা ঘটনাটি সম্পর্কে বুঝতে পেরে চিৎকার করলে অভিযুক্ত রাকিব ধস্তাধস্তি করে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এ বিষয়ে চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: খলিলুর রহমান জানান, ঘটনার পর থেকে আসামি পলাতক ছিল। সম্প্রতি র‌্যাব ঢাকা থেকে তাকে গ্রেফতার করার পর চরফ্যাশন থানা পুলিশের একটি দল তাকে ঢাকা থেকে চরফ্যাশন নিয়ে আসে। আইনি প্রক্রিয়া শেষে সোমবার গ্রেফতার আসামিকে চরফ্যাশন চৌকি আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

সাম্য-মানবতার চেতনায়

উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান, উপজেলা বিএনপির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সরোয়ার আলম বিপ্লব, সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু, পৌর বিএনপির আহ্বায়ক জাকির হোসেন শরীফ, ভারপ্রাপ্ত সদস্য সচিব শফিকুর রহমান শরীফ স্বপন, কবিরত্ন শিকদার রেজাউল করিম, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, গৌরনদী শিশু একাডেমীর শিক্ষক ওস্তাদ বাবুল সোম। অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, সাংবাদিক, শিক্ষক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, সুধীজন ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মনপুরায় সাড়ে তিন

কারওয়ান বাজার পাইকারি মৎস্য আড়তে পাঠানো হয়েছে বলে জানান মৎস্য ব্যবসায়ী শরিফ। জেলে রফিক মাঝি জানান, মেঘনায় মাছ শিকারের সময় অন্যান্য মাছের সঙ্গে দুইটি বড় ইলিশ ধরা পড়ে। পরে মাছ দুইটি আলাদা করে শরিফ ব্যাপারির মৎস্য আড়তে নিলামে বিক্রি করেন। মৎস্য ব্যবসায়ী শাহাবুদ্দিন তালুকদার জানান, তিনি সহ কয়েকজন মৎস্য ব্যাপারী অংশগ্রহণ করে। পরে ফরহাদ হাওলাদারের মৎস্য আড়তের কর্মচারী মাছ দুইটি কিনে নেন। মাছ দুইটি সোমবার ঢাকার কারওয়ান বাজারে পাঠানো হবে। এই ব্যাপারে মনপুরা উপজেলা মৎস্য কর্মকর্তার দায়িত্বে থাকা জয়ন্ত কুমার অপু জানান, মেঘনায় বড় সাইজের ইলিশ ধরা পড়া স্বস্তির খবর। সামনে আরও বড় সাইজের ইলিশ ধরা পড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন।

নৌকাডুবির পর ইলিশায়

করা হয়। উদ্ধার হওয়া দুজন হলেন ভোলা সদর উপজেলার কন্দকপুর গ্রামের মোতাহার গোলদারের ছেলে মো. আলমগীর গোলদার (৪৫) এবং তার ছেলে মো. মিজানুর রহমান (১৩)। উদ্ধারের পর কোস্টগার্ড সদস্যরা তাদের নিরাপদ স্থানে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেন। একই সঙ্গে তাদের প্রয়োজনীয় খাবার ও পানি দেওয়া হয়। পরে ডুবে যাওয়া মাছ ধরার নৌকাটিও উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া জেলে ও নৌকাটি পরবর্তীতে তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। কোস্টগার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন সোমবার বিকেলে বিষয়টি নিশ্চিত করে জানান, মেঘনা নদীতে নৌকাডুবির খবর পাওয়ার পর কোস্টগার্ড স্টেশন ইলিশার সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান পরিচালনা করেন। অভিযানে নৌকায় থাকা দুই জেলেকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। তিনি আরও জানান, উদ্ধার হওয়া জেলেদের প্রাথমিক চিকিৎসা ও প্রয়োজনীয় খাবার দেওয়ার পর তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। একই সঙ্গে ডুবে যাওয়া মাছ ধরার নৌকাটিও উদ্ধার করা হয়েছে। মেঘনা নদী উপকূলীয় ভোলা অঞ্চলে মাছ ধরার সময় প্রায়ই বৈরী আবহাওয়া ও প্রবল ঢেউয়ের মুখে পড়েন জেলেরা। বিশেষ করে ছোট নৌকার জেলেদের জন্য হঠাৎ সৃষ্ট ঢেউ ও স্রোত ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। এ কারণে নদীতে মাছ ধরার সময় আবহাওয়ার পরিস্থিতি সম্পর্কে সতর্ক থাকার পাশাপাশি প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। কোস্টগার্ড কর্মকর্তা বলেন, নদী ও উপকূলীয় এলাকায় জেলেদের নিরাপত্তা নিশ্চিত করতে জরুরি উদ্ধার কার্যক্রমসহ প্রয়োজনীয় অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

জাল টাকায় গরুর দাম

সূত্র জানায়, ২০২০ সালে গলাচিপা এলাকায় গরু কেনার সময় শামীম হোসেন জাল নোট দিয়ে মূল্য পরিশোধ করেন। বিষয়টি ধরা পড়ার পর পুলিশ তাকে গ্রেফতার করে। পরে তার কাছ থেকে এক লাখ টাকার জাল নোট উদ্ধার করা হয় বলে মামলার নথিতে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় তার বিরুদ্ধে মামলা করা হয়। তদন্ত শেষে পুলিশ আদালতে অভিযোগপত্র দাখিল করে। মামলার রাষ্ট্রপক্ষের আইনজীবী ও পটুয়াখালী জেলা দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট মুজিবুর রহমান টোটন বলেন, মামলার বিচারকাজে এজাহারকারী এসআই নজরুল ইসলাম ও তদন্ত কর্মকর্তা মনিরুজ্জামানসহ মোট ১১ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করেন আদালত। তিনি আরও বলেন, সাক্ষ্য-প্রমাণ ও উভয় পক্ষের যুক্তিতর্ক শেষে আসামির বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত শামীম হোসেনকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেন। পাশাপাশি ২০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়। জরিমানার টাকা পরিশোধ না করলে তাকে আরও দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

ঈদ-ই-মিলাদুন্নবী সা. উপলক্ষ্যে

(সাঃ)-এর আদর্শ অনুসরণের মাধ্যমে শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক গুণাবলি বিকাশের ওপর গুরুত্বারোপ করেন। আলোচনা পর্বে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর জীবন ও কর্মের বিভিন্ন দিক তুলে ধরা হয়। 'মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর পারিবারিক ও সামাজিক জীবন' বিষয়ে আলোচনা করেন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ জামে মসজিদের খতিব মাওলানা মো. নূরুল্লাহ। 'নারী শিক্ষা বিস্তারে মহানবী (সা.)-এর ভূমিকা' বিষয়ে আলোচনা করেন মুফতি মাওলানা মো. শরিফুল ইসলাম, খতিব, বাইতুল মামুর জামে মসজিদ, শহীদ আলমগীর হোসেন ছাত্রাবাস ও কলেজ জামে মসজিদ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল। অনুষ্ঠানের প্রধান আলোচক হিসেবে 'শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞান চর্চায় মহানবী (সা.)-এর ভূমিকা' বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন প্রফেসর আবু জাফর মুহাঃ হাবিবুর রহমান, অধ্যক্ষ, সরকারি বাকেরগঞ্জ কলেজ। তিনি মহানবী (সাঃ)-এর জ্ঞানার্জনের প্রতি গুরুত্ব, শিক্ষা বিস্তারে তাঁর ভূমিকা এবং মানবজাতির জন্য তাঁর শিক্ষার প্রাসঙ্গিকতা তুলে ধরেন। আলোচনা পর্ব শেষে পূর্বে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেওয়ার মাধ্যমে তাদের উৎসাহিত করা হয়। এরপর শিক্ষার্থীদের পরিবেশনায় হামদ্ ও নাতে রাসুল (সাঃ) অনুষ্ঠিত হয়। এতে অনুষ্ঠানে এক আবেগঘন ও ধর্মীয় পরিবেশের সৃষ্টি হয়। অনুষ্ঠানে ছাত্রীদের জন্য নির্ধারিত কক্ষে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মোসা. মেহবুবা আলম এবং বিভিন্ন বিভাগের শিক্ষিকাবৃন্দ। তাঁরা অনুষ্ঠানের কার্যক্রমে অংশ নেন এবং শিক্ষার্থীদের উৎসাহিত করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি ও সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশালের অধ্যক্ষ প্রফেসর মো. আখতারুজ্জামান খান। তিনি মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর জীবন ও আদর্শ থেকে শিক্ষা নিয়ে শিক্ষার্থীদের নৈতিকতা, মানবিকতা, শৃঙ্খলা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানান। একই সঙ্গে শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ বিকাশে এ ধরনের আয়োজনের গুরুত্ব তুলে ধরেন। সবশেষে কলেজ জামে মসজিদের খতিব মাওলানা মো. নূরুল্লাহ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। মোনাজাতে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর উম্মতের শান্তি, দেশ ও জাতির কল্যাণ, কলেজের সার্বিক উন্নতি এবং শিক্ষক-শিক্ষার্থীদের সফলতা কামনা করা হয়। দোয়া ও মোনাজাত শেষে উপস্থিত শিক্ষক, শিক্ষার্থী ও অতিথিদের মাঝে তবারক বিতরণের মাধ্যমে পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

শিশুর চিকিৎসা নিয়ে হাসপাতালে

ভিড়ের কারণে শিশুটিকে দেখে একজন স্বজন ছাড়া বাকিদের বাইরে যেতে বলেন। এ সময় রাহাত চিকিৎসকের সঙ্গে অশোভন আচরণ করায় দায়িত্বে থাকা আনসার সদস্য মো. সুমন তাকে সরে যেতে বলেন। এতে ক্ষিপ্ত হয়ে একপর্যায়ে রাহাত আনসার সদস্য সুমনকে মারধর করেন এবং ধাক্কা দিয়ে সরিয়ে দেন। পরে সাইদুল ইসলাম শামীমও এতে জড়িয়ে পড়েন। তবে রাহাত হোসেনের দাবি, তার ভাগনির নাক দিয়ে রক্ত পড়ছিল। তাকে নিয়ে হাসপাতালে আসার পর জরুরি বিভাগে প্রবেশ করতে দেওয়া হয়নি। পরে তিনি জরুরি বিভাগে ঢুকলে তাকে বের হয়ে যেতে বলা হয়। হাসপাতালে আনার পর চিকিৎসা দিতে দেরি হওয়ায় তিনি চিকিৎসকের কাছে বিষয়টি জানতে চেয়েছিলেন। এ সময় চিকিৎসক বলেন, 'আপনারা এত লোক কেন, বাইরে বের হন।' তখন আনসার সদস্য সুমন এসে তাকে ধাক্কা দেন। তিনিও পাল্টা ধাক্কা দেন বলে দাবি করেন রাহাত। অন্যদিকে, আনসার সদস্য মো. সুমনের দাবি, চিকিৎসক শিশুটিকে চিকিৎসা দেওয়ার সময় স্বজনরা তাকে ঘিরে দাঁড়িয়ে থাকায় চিকিৎসাসেবায় বিঘ্ন ঘটছিল। এ সময় চিকিৎসক রাহাতকে সরে যেতে বলেন। পরে রাহাত চিকিৎসকের সঙ্গে অশোভন আচরণ করছিলেন। তখন তিনি এসে রাহাতকে সরে যেতে বললে রাহাত বলেন, 'আপনাদের থেকে আইন শিখতে হবে।' এ কথা বলেই রাহাত তাকে কিল-ঘুষি মারতে শুরু করেন বলে দাবি করেন সুমন। চিকিৎসক আশা ইসলাম মীম বলেন, জরুরি বিভাগের ভেতর হট্টগোল শুরু হলে তিনি সবাইকে শান্ত হতে বলেন। পরিস্থিতি শান্ত না হলে চিকিৎসা দেওয়া সম্ভব হবে না বলেও জানান তিনি। এ সময় আনসার সদস্যদের গায়ে হাত তোলার ঘটনা ঘটে। রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. মেহেজাবীন ফারহানা নিসা বলেন, 'মানবিক দৃষ্টিকোণ থেকে মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেওয়া হয়েছে।'

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই

হওয়ায় ক্ষিপ্ত হয়ে ঘটনার রাতে ১৫-২০ জন লোক নিয়ে তাকে মামার বাড়ি থেকে জোরপূর্বক তুলে নেওয়ার চেষ্টা করা হয়। এসময় তরুণীর চিৎকারে স্বজন ও স্থানীয়রা বাধা দিলে হামলাকারীরা দেশীয় অস্ত্র নিয়ে তাদের ওপর ঝাঁপিয়ে পড়ে। এতে পিটিয়ে ও কুপিয়ে বেশ কয়েকজনকে জখম করা হয়। আহতদের মধ্যে যাদের পরিচয় পাওয়া গেছে তারা হলেন রাব্বি খান (১৭), শাখাওয়াত খান (২৬), জুলহাস খান (২৫), সাকিবুল খান (১৭), সবুজ খান (৩০), অলিল খান (৩৫) ও মজলু খান (২৬)। আহতরা জানান, হামলার পর তাদের হাসপাতালে যেতেও বাধা দেওয়া হয়। পরে তারা বিকল্প পথে গলাচিপা হয়ে স্পিডবোটে পটুয়াখালী এসে হাসপাতালে ভর্তি হন। হাসপাতালে চিকিৎসাধীন জুলহাস খান বলেন, "হামলার পর থেকে আমাদের প্রতিনিয়ত প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। আমরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছি, যার কারণে এখনো পুলিশের কাছে লিখিত অভিযোগ করার সাহস পাচ্ছি না।" স্থানীয়দের দাবি, অভিযুক্ত কাইয়ুম ও কামাল শিকদার এলাকায় প্রভাবশালী হিসেবে পরিচিত এবং দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তারা এর আগে দল থেকে বহিষ্কৃত হয়েছিলেন। তবে অভিযোগের বিষয়ে জানতে তাদের সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা কোনো বক্তব্য দিতে রাজি হননি।অন্যদিকে, পুলিশের দাবি ভিন্ন। দায়িত্বরত এসআই বিল্লাল জানান, "প্রাথমিক তদন্তে নারী সংক্রান্ত কোনো বিষয় পাওয়া যায়নি। মূলত এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে এই সংঘর্ষ হয়েছে। এখন পর্যন্ত কোনো পক্ষ থানায় লিখিত অভিযোগ করেনি।" রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসীম উদ্দিন বলেন, "সংঘর্ষের বিষয়টি আমি জেনেছি। আহত কয়েকজন আমার কাছে এসেছিলেন, আমি তাদের আগে দ্রুত চিকিৎসার পরামর্শ দিয়েছি। তদন্তের জন্য ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।"

বরিশালে ছাত্রদল নেতাকে ক্রসফায়ার

২০১৫ সাল পর্যন্ত উজিরপুর থানায় কর্মরত ছিলেন। বর্তমানে তিনি বরিশাল মহানগর সিআইডিতে পরিদর্শক হিসেবে কর্মরত আছেন। জবানবন্দিতে আলী আহম্মেদ জানান, ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি আগৈলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং একই উপজেলার জাসাসের সাংগঠনিক সম্পাদক কবির মোল্লাকে ক্রসফায়ারে হত্যা করা হয়। এর আগের দিন অর্থাৎ ২০ ফেব্রুয়ারি রাত সাড়ে ৯টার দিকে বরিশালের তৎকালীন পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ উজিরপুর থানায় এসে তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নুরুল ইসলামের সঙ্গে বৈঠক করেন। এরপর ওসির নির্দেশে তিনি অন্য থানায় কর্মরত এএসআই জসিম উদ্দিন ও এএসআই মাহাবুলকে একটি বিশেষ অভিযান পরিচালনার জন্য কমান্ড সার্টিফিকেট (সিসি) দেন। এসপির নির্দেশ ও তত্ত্বাবধানেই তারা ওই ডিউটি করবেন বলে জানানো হয়েছিল। দাপ্তরিক কাজ শেষে তিনি বাসায় চলে যান। পরদিন সকালে ঘুম থেকে উঠে টিভিতে দেখেন, পার্শ্ববর্তী আগৈলঝাড়া থানায় পুলিশের সঙ্গে তথাকথিত 'বন্দুকযুদ্ধে' ওই দুজন নিহত হয়েছেন। ঘটনার দিন বিকেলে থানায় গেলে ওসি তাকে ডেকে এএসআই মাহাবুল ও জসিমকে পরবর্তী ১০ দিন কোনো ডিউটি না দেওয়ার নির্দেশ দেন। আলী আহম্মেদ বলেন, পুলিশ সদস্য ও কর্মকর্তাদের মধ্যে তখন কানাঘুষা চলতে থাকে যে আগৈলঝাড়ার ওই ক্রসফায়ারের ঘটনা এই দুই এএসআই ঘটিয়েছেন। ১০ দিন পর থানায় ফিরে ওই দুই এএসআইয়ের কথাবার্তা ও চালচলন অসংলগ্ন ও অস্বাভাবিক ঠেকেছিল বলে জবানবন্দিতে উল্লেখ করেন তিনি। পরবর্তীতে তারা আরও ১০ থেকে ১৫ দিনের ছুটির আবেদন করলে ওসির নির্দেশে তাঁদের আরও কিছুদিন ডিউটি থেকে বিরত রাখা হয়। আলী আহম্মেদ আরও জানান, তিনি শুনেছেন ওই হত্যাকাণ্ডের জন্য এএসআই মাহাবুল ও জসিম উদ্দিনকে ২৫ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়েছিল। এএসআই মাহাবুল ও জসিম অত্যন্ত বেপরোয়া ছিলেন উল্লেখ করে সাক্ষী বলেন, তাদের কোনো দায়িত্ব দিলে তারা তৎকালীন সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহ ও এসপির প্রভাব দেখিয়ে অন্য চলে যেতেন এবং ঠিকমতো দায়িত্ব পালন করতেন না। তাদের ভয়ে অন্য কর্মকর্তা ও ফোর্সরাও সঠিকভাবে কথা বলতে ভয় পেতেন। তৎকালীন সরকারের আমলে বরিশাল জেলায় আরও চার থেকে পাঁচটি এবং সারা দেশে অসংখ্য বিচারবহির্ভূত হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে বলে তিনি জানান। উল্লেখ্য, এই মানবতাবিরোধী অপরাধের মামলায় মোট চারজন আসামি রয়েছেন। এর মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহ এবং বরিশালের সাবেক পুলিশ সুপার এ কে এম এহসানউল্লাহ পলাতক রয়েছেন। অপর দুই আসামি হলেন উজিরপুর থানার তৎকালীন এএসআই মো. মাহাবুল ইসলাম ও মো. জসিম উদ্দিন।

ইরানকে 'ব্যর্থ ও মৃত রাষ্ট্র'

খবর আল জাজিরার। সোমবার (৩১ আগস্ট) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প এসব মন্তব্য করেন। ইরানে চলমান বিক্ষোভে এক লাখের বেশি মানুষ নিহত হয়েছেন এমন অভিযোগের উল্লেখ করে ট্রাম্প লিখেছেন, ইরানের নেতৃত্বকে মানবতার বিরুদ্ধে যুদ্ধাপরাধের জন্য বিচারের মুখোমুখি করা উচিত। ইরানকে 'আনুষ্ঠানিকভাবে ব্যর্থ রাষ্ট্র' আখ্যা দিয়ে ট্রাম্প বলেন, দেশটির নেতৃত্ব সম্পূর্ণ বিশৃঙ্খলার মধ্যে রয়েছে এবং তারা যথাযথভাবে দেশটির প্রতিনিধিত্ব করতে অক্ষম। ট্রাম্প আরও দাবি করেন, ইরানের এখন কোনো নৌবাহিনী, বিমানবাহিনী বা কার্যকর মুদ্রা নেই। এমনকি দেশটির সেনা ও পুলিশ সদস্যদেরও বেতন দেওয়া হচ্ছে না। ইরানের মূল্যস্ফীতি ৩০০ শতাংশে পৌঁছেছে বলেও দাবি করেন মার্কিন প্রেসিডেন্ট। তার মতে, ইরানের নেতৃত্বের হাতে এখন অবশিষ্ট রয়েছে যুক্তরাষ্ট্রকে নিয়ে ভুয়া খবর ছড়ানো এবং বিক্ষোভকারীদের হত্যা করার ইচ্ছা।

ইরানের সঙ্গে যুদ্ধে ইসরায়েলের নিহত

সঙ্গে যুদ্ধে যুক্তরাষ্ট্রেরও শতাধিক সেনা নিহত এবং কয়েক হাজার আহত হওয়ার দাবি করেছেন তিনি। সাম্প্রতিক ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল সংঘাত নিয়ে ডেফা প্রেসকে দেওয়া এক সাক্ষাৎকারে এসব কথা বলেন শেকারচি। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী মূলত মুসলিম দেশগুলোর সম্পদ লুট করার জন্য গড়ে ওঠা একটি হলিউড ও প্রচারণানির্ভর বাহিনী। ইরানের সবচেয়ে বড় অর্জন হলো যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক শক্তির দুর্বলতা উন্মোচন করা। শেকারচি বলেন, এর ফলে বিশ্ববাসী দুই দেশের সামরিক বাহিনীর মনোবল ভেঙে পড়ার বিষয়টি দেখতে পেয়েছে। এমনকি যেসব দেশে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি রয়েছে, সেসব দেশের অনেকেই ওয়াশিংটনের ওপর আস্থা হারিয়েছে বলেও দাবি করেন তিনি। তিনি বলেন, যেসব দেশ যুক্তরাষ্ট্রের ওপর নিজেদের নিরাপত্তার জন্য নির্ভর করে, তারা এখন বুঝতে পারছে নিজেকেই রক্ষা করতে অক্ষম যুক্তরাষ্ট্র তার মিত্রদেরও সুরক্ষা দিতে পারবে না। যুক্তরাষ্ট্রের ক্ষয়ক্ষতি নিয়ে শেকারচি বলেন, বিভিন্ন প্রমাণ ও আলামতের ভিত্তিতে ইরানের বিরুদ্ধে যুদ্ধে যুক্তরাষ্ট্রের শতাধিক সামরিক সদস্য নিহত এবং কয়েক হাজার আহত হয়েছেন। একইভাবে ইসরায়েলের সামরিক ক্ষয়ক্ষতি তুলে ধরে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সহযোগিতায় ইরানের বিরুদ্ধে ইসরায়েলের সামরিক আগ্রাসনে ১ হাজারের বেশি ইসরায়েলি সেনা নিহত এবং কয়েক হাজার আহত হয়েছেন। তবে এসব দাবির পক্ষে তিনি বিস্তারিত কোনো প্রমাণ দেননি। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল প্রকৃত সামরিক হতাহতের সংখ্যা গোপন করছে বলেও অভিযোগ করেন তিনি। উদাহরণ হিসেবে আফগানিস্তান ও ইরাক যুদ্ধে মার্কিন সেনাদের মৃত্যুর তথ্য অনেক বছর পর প্রকাশ করা হয়েছিল বলে দাবি করেন শেকারচি। কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি নিয়েও যুক্তরাষ্ট্রকে সতর্ক করেন ইরানের এই সামরিক মুখপাত্র। তিনি বলেন, মার্কিন প্রেসিডেন্ট, তার সমর্থক ও মিত্ররা এখন অশুভ ও পাপের প্রতীক হিসেবে বিবেচিত হচ্ছেন। হরমুজ প্রণালিকে নিজেদের ভূখণ্ডের অংশ হিসেবে দাবি করার যেকোনো প্রচেষ্টা ইরান মেনে নেবে না। শেকারচি বলেন, হরমুজ প্রণালি তাদের ভূখণ্ডের অংশ হিসেবে বিবেচিত হবে তারা কেবল এমন স্বপ্নই দেখতে পারে। তবে তা কখনোই বাস্তবে রূপ নেবে না। ইরান পশ্চিম এশিয়া থেকে মার্কিন বাহিনীকে সরিয়ে দিতে দৃঢ়প্রতিজ্ঞ বলেও জানান তিনি। এ সময় ইরানের নিহত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি, মিনাবের শাজারেহ তাইয়েবেহ স্কুলে নিহত শিক্ষার্থী, লার শহরের নিহত ব্যক্তিসহ সংঘাতে নিহত সব নিরপরাধ ইরানির মৃত্যুর প্রতিশোধ নেওয়ার হুমকি দেন শেকারচি। তিনি বলেন, প্রতিশোধ নিতে কিছুটা সময় কম-বেশি হতে পারে, তবে তা অবশ্যই নেওয়া হবে।

অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে

অভিযোগ করা হয়েছে। এ ঘটনায় করা মামলায় প্রধান অভিযুক্ত মো. মুসা মহাজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। রোববার (৩১ আগস্ট) রাতে বিষয়টি নিশ্চিত করেছেন পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শরিফুল ইসলাম। শনিবার (২৯ আগস্ট) রাত ৯টার দিকে শংকরপাশা ইউনিয়নের কালিকাঠী এলাকার খোকন মহাজনের বাড়িতে এ ঘটনা ঘটে। হামলায় আহতরা হলেন- পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির সহকারী জেনারেল ম্যানেজার (আইটি) ফাহাদ হোসেন, সহকারী জেনারেল ম্যানেজার (ওএ্যান্ডএম) তানজিম আল মাহমুদ, জুনিয়র ইঞ্জিনিয়ার ইমরান হোসেন, মিটার রিডার কাম ম্যাসেঞ্জার ইমন খান, মিটার রিডার জিসান দেওয়ান ও লাইন টেকনিশিয়ান জাকির হোসেন। এ ঘটনায় পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (আইটি) ফাহাদ হোসেন বাদী হয়ে পিরোজপুর সদর থানায় একটি এজাহার দায়ের করেছেন। এতে মো. মুসা মহাজন (৪০), সজিব মহাজন (৩০), নিজাম উদ্দিন মহাজন (৪০), আখি (৩০) ও রোকেয়া বেগমসহ অজ্ঞাতনামা আরও ৫০ থেকে ৫৫ জনকে আসামি করা হয়েছে। এজাহারে উল্লেখ করা হয়, কালিকাঠী এলাকায় মুসা মহাজন ও সজিব মহাজনের বাড়িতে মিটারের সার্ভিস তার বাইপাস করে কৃত্রিম পদ্ধতিতে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বিষয়টি যাচাই করতে পল্লী বিদ্যুৎ সমিতির একটি দল সেখানে যায়। ঘটনাস্থলে গিয়ে দলটি অবৈধ সংযোগ শনাক্ত করে সংযোগ বিচ্ছিন্নের কাজ শুরু করলে অভিযুক্তরা তাতে বাধা দেন বলে অভিযোগ করা হয়েছে। এ সময় তাদের সঙ্গে কথা-কাটাকাটি ও বাকবিতণ্ডার একপর্যায়ে অভিযুক্তরা লাঠিসোঁটা ও দেশীয় অস্ত্র নিয়ে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা-কর্মচারীদের ওপর হামলা চালান বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। এজাহারে আরও বলা হয়, মুসা মহাজনের হাতে থাকা লাঠির আঘাতে জুনিয়র ইঞ্জিনিয়ার ইমরান হোসেন আহত হন। তাকে উদ্ধারে এগিয়ে গেলে বাদী ফাহাদ হোসেনকেও লাঠি দিয়ে মারধর করা হয়। পরে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার ইমন খান তাদের উদ্ধারে এগিয়ে গেলে তার মাথার পেছনে লাঠি দিয়ে আঘাত করা হয়। এতে তিনি জ্ঞান হারিয়ে মাটিতে পড়ে যান। এ সময় অন্য কর্মকর্তা-কর্মচারীরা তাদের উদ্ধারে এগিয়ে গেলে তাদের ওপরও হামলা চালানো হয় বলে অভিযোগ করা হয়েছে। হামলাকারীরা আশপাশের আরও ৪০ থেকে ৫০ জনকে ডেকে এনে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা-কর্মচারীদের মারধর ও হুমকি দেন বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে তাদের ব্যবহৃত সরকারি মোটরসাইকেল ভাঙচুরের অভিযোগও করা হয়েছে। পরে আহত ইমন খানকে উদ্ধার করে পল্লী বিদ্যুৎ সমিতির গাড়িতে করে কর্মকর্তা-কর্মচারীরা ঘটনাস্থল ত্যাগ করেন। আহতরা পিরোজপুর সদর হাসপাতালে গিয়ে চিকিৎসা নেন। ইমন খান ইমুর অবস্থা গুরুতর হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে প্রয়োজনীয় চিকিৎসা দেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। হামলার শিকার পল্লী বিদ্যুৎ সমিতির জুনিয়র ইঞ্জিনিয়ার ইমরান হোসেন বলেন, অবৈধ বিদ্যুৎ সংযোগরোধে নিয়মিত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এরই অংশ হিসেবে ওইদিন রাত সাড়ে ৮টার দিকে তারা কালিকাঠী এলাকায় অভিযান পরিচালনা করতে যান। এসময় গ্রাহকের বাড়িতে গিয়ে আমরা দেখতে পাই, সার্ভিস তারে ছিদ্র করে সেখান থেকে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে। বিষয়টি আমরা শনাক্ত করার পর ওই গ্রাহক আশপাশের লোকজনকে অন্যভাবে বুঝিয়ে বলেন, আমরা নাকি তার বাড়িতে ডাকাতি করতে গিয়েছি। আমরা যথেষ্ট পরিমাণ ডকুমেন্ট দেখিয়ে বিষয়টি বোঝানোর চেষ্টা করেছি। কিন্তু তারা কোনোভাবেই তা মানতে রাজি হয়নি। একপর্যায়ে তারা লাঠি, বাঁশ ও দা নিয়ে আমাদের ওপর হামলা শুরু করে। পল্লী বিদ্যুৎ সমিতির আরেক কর্মচারী ইমন খান বলেন, অবৈধভাবে বিদ্যুৎ চুরির ঘটনায় আমরা অভিযানে গিয়েছিলাম। বিষয়টি বুঝতে পেরে অভিযুক্ত ব্যক্তি আমাদের ডাকাত বলে লোকজন ডাকাডাকি করতে থাকেন। আমরা তাদের বোঝানোর চেষ্টা করেছি। তারা আবার বলছিলেন, ঠিকমতো বিদ্যুৎ পাই না, বারবার লোডশেডিং হয়-এসব কথা বলে হামলা শুরু করেন। মারধরের সময় আমার ঘাড় ও পিঠে আঘাত লাগে। পরে পুলিশকে খবর দিলে তারা ঘটনাস্থলে এসে আমাদের উদ্ধার করে। পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার (জিএম) মো. আলতাপ হোসেন বলেন, শংকরপাশা ইউনিয়নের কালিকাঠী গ্রামে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে এমন তথ্য পাওয়ার পর অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে আমাদের অফিস থেকে একটি দল সেখানে যায়। অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করার পর কিছু লোক একত্রিত হয়ে তাদের ওপর হামলা করে। তিনি আরও বলেন, পরবর্তীতে আমাদের আরেকটি দল ও প্রশাসনের লোকজন ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধার করে। এ বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার জন্য থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পিরোজপুর সদর থানার ওসি শরিফুল ইসলাম বলেন, এ ঘটনায় মুসা নামে একজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে।

মেঘনার তীর থেকে অজ্ঞাত

রয়েছে। ধারণা করা হচ্ছে, মরদেহটি মেঘনা নদীর জোয়ারের পানির সঙ্গে তীরে ভেসে ওঠে। বিষয়টি দেখতে পেয়ে তাঁরা স্থানীয় চৌকিদারকে ফোন করে অবগত করেন। স্থানীয় চৌকিদার মেহেদী হাসান বলেন, সকালে স্থানীয় কয়েকজন ফোন করে জানান যে মেঘনার তীরে একটি মরদেহ দেখা গেছে। বিষয়টি জানার পর আমি ঘটনাস্থলে উপস্থিত হয়ে মেহেন্দিগঞ্জ থানা-পুলিশকে জানিয়েছি। এ বিষয়ে মেহেন্দিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিন উদ্দিন জানান, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে একটি টিম ঘটনাস্থলে পাঠানো হয়েছে। মরদেহ উদ্ধার করে নিয়ে আসার পর বিস্তারিত বলতে পারব।

আমতলী পৌর লেকের

পৌর প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ আশরাফুল ইসলাম বলেন, কাজের অনিয়ম তদন্ত ও ধসে পরার কারন জানতে প্রকল্প পরিচালককে চিঠি দেয়া হয়েছে। তদন্ত প্রতিবেদন পেলে ব্যবস্থা নেয়া হবে। তিনি আরো বলেন, ইতিমধ্যে বরিশাল প্রকল্প অফিস থেকে সুপারভীষণ টিম এসে পরিদর্শণ করে গেছেন। কাজ আপাতত বন্ধ রাখা হয়েছে। জানাগেছে, আমতলী পৌরসভার সৌন্দর্য বর্ধণে বিশ্বব্যাংকের অর্থায়নে ২০২৩-২৪ অর্থ বছরে ১২ কোটি ৫৬ লাখ ৯৮ হাজার ৩২৩ টাকা ব্যয়ে এলজিসিআরআরপি প্রকল্প হাতে নেয় স্থানীয় সরকার মন্ত্রনালয়। ২০২৪ সালের এপ্রিল মাসে আমতলী পৌর মেয়র মতিয়ার রহমান গোপনে এ কাজের দরপত্র আহবান করে। অভিযোগ রয়েছে মেয়র মতিয়ার রহমান অতি গোপনে ঝালকাঠির ইসলাম ব্রাদার্স নামের এক ঠিকাদারী প্রতিষ্ঠানকে এ কাজ দেয়। কিন্তু নামে মাত্র ঠিকাদারী প্রতিষ্ঠানকে কাজ দেয়া হলেও সমুদয় কাজ করেন ফ্যাসিষ্ট আওয়ামীলীগ দোসর সাবেক মেয়র মতিয়ার রহমান। শেখ হাসিনার পতনের পর মেয়র মতিয়ার রহমান স্ব-পরিবারে পালিয়ে যায়। গত দুই বছরেও তিনি এলাকায় আসেনি। এদিকে ২০২৪ সালের ২৫ অক্টোবর এ কাজের উদ্বোধন করেন তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আশরাফুল আলম। কাজের শুরুতেই তিনি (ইউএনও) দেখেন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে দ্বিগুন। পরে তিনি এ ব্যয় কমিয়ে অর্ধেকে আনেন। এতে ক্ষুব্ধ হয়ে ঠিকাদার মতিয়ার রহমান কাজ বন্ধ করে দেন। অভিযোগ রয়েছে কাজের শুরুতেই ঠিকাদার মতিয়ার রহমান অনিয়মের আশ্রয় নেন। তিনি নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে কাজ শুরু করেন। এতে স্থানীয় লোকজন ক্ষুব্দ হন। নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে কাজ করায় রবিবার সকালে নির্মাণকালীন সময়ে লেকের ওয়াকওয়ে ড্রপওয়াল (ডেক প্ল্যাটফর্ম) ধসে পরেছে। এ নিয়ে সোমবার ইংরেজী ডেইলি পোষ্ট পত্রিকায় স্বচিত্র প্রতিবেদন প্রকাশিত হয়। এতে নড়েচড়ে বসে প্রশাসন। সোমবার পৌর প্রশাসন ও উপজেলা নির্বাহী অফিসার মোঃ আশরাফুল ইসলাম কাজের অনিয়ম তদন্ত ও ড্রপওয়াল (ডেক প্ল্যাটফর্ম) ধসে পরার কারণ জানতে প্রকল্প পরিচালককে চিঠি দিয়েছেন এবং কাজ বন্ধ করে দেন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০১ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৮ ভাদ্র ১৪৩৩

ইরানের সঙ্গে যুদ্ধে ইসরায়েলের নিহত সেনার সংখ্যা ১ হাজারের বেশি: তেহরান

কীর্তনখোলা ডেস্ক
ইরানের সঙ্গে সাম্প্রতিক যুদ্ধে ইসরায়েলের ১ হাজারের বেশি সামরিক সদস্য নিহত এবং কয়েক হাজার আহত হয়েছেন বলে দাবি করেছেন ইরানের সশস্ত্র বাহিনীর জ্যেষ্ঠ মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল আবুল ফজল শেকারচি। একই ৩ এর পাতায় দেখুন

ইরানকে ‘ব্যর্থ ও মৃত রাষ্ট্র’ বললেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
ইরানকে ‘আনুষ্ঠানিকভাবে ব্যর্থ’ ও ‘মৃত রাষ্ট্র’ হিসেবে অভিহিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে দেশটির নেতৃত্বকে মানবতাবিরোধী অপরাধের জন্য বিচারের মুখোমুখি করার দাবি জানিয়েছেন তিনি। ৩ এর পাতায় দেখুন

অভিযোগ অস্বীকার আইফোন কেনা সেই বাবার ‘সন্তান বিক্রি করিনি, লালন-পালনের জন্যই দিয়েছিলাম’

দশমিনা প্রতিনিধি
আইফোনের শখ পূরণ করতে নিজ দেড় বছরের শিশুসন্তানকে এক লাখ টাকায় বিক্রি করে সেই টাকা দিয়ে আইফোন ১৩ প্রো ম্যাক্স কেনার এক চাঞ্চল্যকর ঘটনা ঘটেছে। পটুয়াখালীর দশমিনা উপজেলার বেতাগী-সানকিপুর ইউনিয়নের বড় গোপালদী গ্রামে এই লোমহর্ষক ঘটনা ঘটে। ঘটনার পর তীব্র সমালোচনার মুখে অভিযুক্ত বাবাকে আটক এবং শিশুটিকে উদ্ধার করেছে পুলিশ। অভিযুক্ত ওই বাবার নাম মো. মারুফ মুন্সি। তিনি বড় গোপালদী গ্রামের মফিজ মুন্সির ছেলে এবং পেশায় একজন কাঠমিস্ত্রি। গত শনিবার (২৯ আগস্ট) সকালে মারুফ তার মা মাহফুজা বেগমের কাছ থেকে দেড় বছরের ছেলে মুসাকে ‘ঘুরতে নিয়ে যাওয়ার’ কথা বলে বাড়ি থেকে বের হন। কিন্তু সন্ধ্যা গড়িয়ে গেলেও তারা না ফেরায় স্বজনদের মধ্যে সন্দেহ ও উৎকণ্ঠা তৈরি হয়। খোঁজাখুঁজির একপর্যায়ে পরিবারের লোকজন জানতে পারেন, মারুফ তার ছেলে মুসাকে ৩ এর পাতায় দেখুন

বরিশালে ছাত্রদল নেতাকে ক্রসফায়ার দেয়ায় পুরস্কার পান সাবেক দুই এসআই

কীর্তনখোলা ডেস্ক
২০১৫ সালে বরিশালে ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে ‘ক্রসফায়ারে’ হত্যার ঘটনায় তৎকালীন উজিরপুর থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. মাহাবুল ইসলাম ও মো. জসিম উদ্দিনকে ২৫ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়েছিল বলে শুনেছেন মামলার সাক্ষী ও উজিরপুর থানার তৎকালীন সেকেন্ড অফিসার আলী আহম্মেদ। সোমবার (৩১ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ দেওয়া জবানবন্দিতে তিনি এ কথা উল্লেখ করেন। ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে বিচারবহির্ভূতভাবে হত্যার অভিযোগে করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সাক্ষী হিসেবে এই জবানবন্দি দেন আলী আহম্মেদ। তিনি ২০১৩ থেকে ৩ এর পাতায় দেখুন

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের রক্তক্ষয়ী সংঘর্ষে আহত ১০

রাঙ্গাবালী প্রতিনিধি
পটুয়াখালীর রাঙ্গাবালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের রক্তক্ষয়ী সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছেন। গত রোববার (৩০ আগস্ট) রাত আনুমানিক ১০টার দিকে উপজেলার চরমোন্তাজ ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডে এই ঘটনা ঘটে। আহতদের মধ্যে গুরুতর আটজনকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার কারণ নিয়ে ভুক্তভোগী ও পুলিশের বক্তব্যের মধ্যে ভিন্নতা পাওয়া গেছে। আহতদের স্বজনদের অভিযোগ, এক বিবাহিত তরুণীকে দীর্ঘদিন ধরে প্রেমের কুপ্রস্তাব দিয়ে আসছিল এলাকার কাইয়ুম ও কামাল শিকদার। ওই প্রস্তাবে তরুণী রাজি না ৩ এর পাতায় দেখুন

শিশুর চিকিৎসা নিয়ে হাসপাতালে দুই আনসার সদস্যের মারামারি

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে শিশুর চিকিৎসা নিতে গিয়ে কর্তব্যরত এক আনসার সদস্যকে মারধরের অভিযোগ উঠেছে অপর এক আনসার সদস্যের বিরুদ্ধে। রোববার (৩০ আগস্ট) রাতে হাসপাতালের জরুরি বিভাগের ভেতরে এ ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় অভিযুক্তরা হলেন- রাজাপুর উপজেলার বড়ইয়া ইউনিয়নের উত্তমপুর এলাকার মো. হানিফ খানের ছেলে এবং বরগুনায় আনসার সদস্য হিসেবে কর্মরত মো. রাহাত হোসেন খান (২৩) এবং তার বোনজামাই সাতুরিয়া ইউনিয়নের উত্তর তারাবুনিয়া এলাকার মো. শামসুল হকের ছেলে মো. সাইদুল ইসলাম শামীম (৩৭)। সিসিটিভি ফুটেজ ও হাসপাতাল সূত্রে জানা যায়, সাইদুল ইসলাম শামীম তার এক বছরের সন্তান তাসবিহকে চিকিৎসার জন্য রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। এ সময় শিশুটির মা, আনসার সদস্য রাহাতসহ কয়েকজন স্বজন তার সঙ্গে ছিলেন। জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক আশা ইসলাম মীম মানুষের ৩ এর পাতায় দেখুন

আমতলী পৌর লেকের ওয়াকওয়ের কাজ বন্ধ

আমতলী প্রতিনিধি
বিশ্ব ব্যাংকের অর্থায়ণে ১২ কোটি ৫৬ লাখ ৯৮ হাজার ৩২৩ টাকার কাজের আমতলী কেন্দ্রিয় লেক সৌন্দর্য বর্ধণের প্রকল্পের কাজে অনিয়ম ও ড্রপওয়াল (ডেক প্ল্যাটফর্ম) ধসে যাওয়ার কারণ তদন্ত চিঠি দেয়া হয়েছে। কাজ বন্ধ করে আমতলী পৌর প্রশাসক উপজেলা নির্বাহী অফিসার মোঃ আশরাফুল ইসলাম সোমবার প্রকল্প পরিচালককে চিঠি দিয়েছেন। আমতলী ৩ এর পাতায় দেখুন

বাউফলে নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন

বাউফল প্রতিনিধি
পটুয়াখালী বাউফলে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য, সংস্কৃতি ও অসাম্প্রদায়িক চেতনাকে নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে ‘নজরুল বর্ষ’ উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে। সোমবার (৩১ আগস্ট) সকাল ১১টার দিকে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে এ ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে কিশোরীকে ধর্ষণ মামলায় যুবক কারাগারে

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: খলিলুর রহমান জানান, ঘটনার পর থেকে আসামি পলাতক ছিল। সম্প্রতি র‍্যাব ঢাকা থেকে তাকে গ্রেফতার ভোলার চরফ্যাশনে ১৬ বছরের এক শিক্ষার্থীকে বিয়ের প্রলোভন দেখিয়ে ও ভয়ভীতি প্রদর্শন করে একাধিকবার ধর্ষণের অভিযোগে মো: রাকিব মাতাব্বর (২৯) নামে এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। ভুক্তভোগীর বাবার দায়ের করা মামলায় তাকে গ্রেফতার করা হয়। পরে পুলিশ চরফ্যাশন চৌকি আদালতে উপস্থাপন করলে বিচারক তাকে জেলহাজতে পাঠানো আদেশ দেন। সোমবার (৩১ আগস্ট) চরফ্যাশন চৌকি আদালত ৩ এর পাতায় দেখুন

জাল টাকায় গরুর দাম দিতে গিয়ে ধরা, ৬ বছর পর ১০ বছরের সাজা

পটুয়াখালী প্রতিনিধি
গরু কেনার সময় জাল টাকা দেওয়ার মামলায় এক ব্যক্তিকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন পটুয়াখালীর আদালত। একই সঙ্গে তাকে ২০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। সোমবার (৩১ আগস্ট) পটুয়াখালী জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. শহিদুল্লাহ এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত মো. শামীম হোসেন (৩৫) দুমকি উপজেলার জলসা এলাকার বাসিন্দা মো. সোহরাব হোসেনের ছেলে। আদালত ৩ এর পাতায় দেখুন

ঈদ-ই-মিলাদুন্নবী সা. উপলক্ষ্যে হাতেম আলী কলেজে সভা

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ
পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) ২০২৬ উপলক্ষ্যে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশালে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। কলেজের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর জীবন, আদর্শ, শিক্ষা ও মানবতার জন্য তাঁর অবদান নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত করেন ইসলাম শিক্ষা বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী মো. শরিফুল ইসলাম। এরপর অনুষ্ঠানের আয়োজক কমিটির আহ্বায়ক স্বাগত বক্তব্য প্রদান করেন। পরে বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা বক্তব্য দেন। ইসলামী ছাত্র আন্দোলনের পক্ষে মো. আল-আমিন, ইসলামী ছাত্রশিবিরের পক্ষে শামীম আহমেদ এবং বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষে মোস্তাক সরদার শাওন বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বক্তব্য দেন কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মো. মাইনুল ইসলাম সাগির, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ। তিনি মহানবী ৩ এর পাতায় দেখুন

মেঘনার তীর থেকে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেহেন্দিগঞ্জে মেঘনা নদীর তীর থেকে অজ্ঞাত এক ব্যক্তির লাশ উদ্ধার করা হয়েছে। সোমবার উপজেলার দক্ষিণ উলানিয়া ইউনিয়নের পূর্ব সুলতানী গ্রাম থেকে মরদেহটি উদ্ধার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন মেহেন্দিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিন উদ্দিন। প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার সকালে মেঘনা নদীর তীরে অজ্ঞাত ব্যক্তির মরদেহ দেখতে পান তাঁরা। লোকটির শরীরের উপরের অংশে পোশাক ছিল না। নিচের অংশে দুটি প্যান্টের একটি পরিহিত ও অন্যটি অর্ধেক খোলা অবস্থায় ৩ এর পাতায় দেখুন

অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে গিয়ে হামলার শিকার পল্লী বিদ্যুতের ৬ জন

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলার শংকরপাশা ইউনিয়নের কালিকাঠী এলাকায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে গিয়ে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা-কর্মচারীদের ওপর হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় সমিতির ছয়জন কর্মকর্তা-কর্মচারী আহত হয়েছেন। হামলাকারীরা সরকারি মোটরসাইকেল ভাঙচুর করেছে বলেও ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল সোমবার উপজেলা প্রশাসনের উদ্যোগে পৌর অডিটরিয়ামে ‘নজরুল বর্ষ উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার শুভ উদ্বোধন ও আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ‘নজরুল ছিলেন অন্যায়, শোষণ, বৈষম্য ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সোচ্চার এক চিরবিদ্রোহী কবি’। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বর্ণাঢ্য জীবন এবং লেখনীতে সাহিত্যকর্ম ৩ এর পাতায় দেখুন

মনপুরায় সাড়ে তিন কেজির দুই ইলিশ বিক্রি ১৫ হাজার টাকায়

মনপুরা প্রতিনিধি
ভোলার মনপুরায় জেলের জালে ধরা পড়েছে সাড়ে তিন কেজি ওজনের দুইটি রাজা ইলিশ। পরে মাছ দুইটি নিলামে ১৫ হাজার টাকায় বিক্রি করা হয়। রোববার (৩০ আগস্ট) শেষ বিকেলে উপজেলা থেকে বিচ্ছিন্ন ঢালচর শরিফ ব্যাপারীর মৎস্য আড়তে মাছ দুইটি নিয়ে আসেন জেলে রফিক মাঝি। পরে নিলামে মাছ দুইটি ক্রয় ১৫ হাজার টাকায় করেন মৎস্য ব্যবসায়ী ফরহাদ হাওলাদার। সোমবার (৩১ আগস্ট) দুপুরে ঢাকার লঞ্চে মাছ দুইটি ৩ এর পাতায় দেখুন

সাম্য-মানবতার চেতনায় ‘নজরুল বর্ষ’ উদযাপনের উদ্বোধণ

গৌরনদী প্রতিনিধি
জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য, সংগীত ও অসাম্প্রদায়িক চেতনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার প্রত্যয়ে বরিশালের গৌরনদীতে ‘নজরুল বর্ষ’ উদযাপনের উদ্বোধন করা হয়েছে। সোমবার (৩১ আগস্ট) উপজেলা প্রশাসনের আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁর সাহিত্যকর্ম, সাম্য, মানবতা ও দেশপ্রেমের আদর্শ নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে ভার্চুয়ালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল-১ আসনের সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) জহির উদ্দিন স্বপন। তিনি নজরুল ইসলামের সাহিত্য, সংগীত ও অসাম্প্রদায়িক চেতনা নতুন প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। গৌরনদী ৩ এর পাতায় দেখুন

নৌকাডুবির পর ইলিশায় বাবা-ছেলেকে জীবিত উদ্ধার

ভোলা প্রতিনিধি
ভোলার ইলিশা লঞ্চঘাট সংলগ্ন মেঘনা নদীতে প্রবল ঢেউয়ের কবলে পড়ে একটি ছোট মাছ ধরার নৌকা ডুবে গেছে। এ সময় নৌকায় থাকা বাবা ও ছেলেসহ দুই জেলেকে জীবিত উদ্ধার করেছে কোস্টগার্ড। পরে উদ্ধার হওয়া জেলেদের প্রাথমিক চিকিৎসা ও প্রয়োজনীয় খাবার দেওয়া হয়। সোমবার (৩১ আগস্ট) সকালে ইলিশা লঞ্চঘাট সংলগ্ন মেঘনা নদীতে এ নৌকাডুবির ঘটনা ঘটে। নৌকাডুবির খবর পেয়ে কোস্টগার্ড স্টেশন ইলিশার সদস্যরা দ্রুত ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান শুরু করেন। কোস্টগার্ড সূত্রে জানা গেছে, সকালে মেঘনা নদীতে মাছ ধরার সময় হঠাৎ প্রবল ঢেউয়ের কবলে পড়ে ছোট মাছ ধরার নৌকাটি নিয়ন্ত্রণ হারিয়ে ডুবে যায়। নৌকাটিতে থাকা দুই জেলে নদীতে পড়ে যান। খবর পেয়ে কোস্টগার্ডের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে বিশেষ উদ্ধার অভিযান পরিচালনা করেন। একপর্যায়ে নদী থেকে বাবা ও ছেলেকে জীবিত উদ্ধার ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেম্বার:	চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স	মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে	কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
বাঁধ রোড, বরিশাল।	রোগী দেখার সময়:
রোগী দেখার সময়:	প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা	সিরিয়ালের জন্য:
সিরিয়ালের জন্য:	০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫	

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com